# UPAHAAR

# উপহার

2022

১৪২৯



Presented by Protima of Toledo

# Introduction

Although the menacing cloud of the pandemic is dispersing, a post-covid mental malaise has cast long shadows over our efforts and enthusiasm. We had initially decided to skip this year's Upahaar publication for that reason. However, we received several good articles from our regular contributors who have placed their trust in this small magazine. We therefore decided to proceed with a scaled down version. We started late and finished late for which we apologize. Please forgive unintended errors which may have crept in due to limited resources this year.

# Contents

**A Life for a Life .......... Aniruddha Sen 1**

**The Wishing Pond .......... Rwitwika Bhattacharya 3**

**MY INITIATION (POITAY) .......... Kaushik Bagchi. 9**

**PEACE .......... Monideepa Sen 11**

**Community Events ......... i - v**

**গল্প হলেও সত্যি .......... চৈতালি সরকার 12**

**কেপমারি .......... দীপক চক্রবর্ত্তী 16**

**এখনো আলো মরেনি .......... ময়না মুখোপাধ্যায় 21**

**শঙ্কুকথা .......... সাধন কুমার পাত্র 27**

**শেকল-কাটা পাখি .......... পায়েল চট্টোপাধ্যায় 32**

**পুরানো সম্বন্ধ .......... কীর্তি পারিখ 34**

**রস সুধা .......... রামকমল মুখোপাধ্যায় 37**

**স্বপ্ন প্রয়াণ .......... হীরক সেনগুপ্ত 42**

**কাশফুল .......... মনিদীপা সেন 43**

**স্বপ্ন মরীচিকা ......... অনিরুদ্ধ বসু 44**

**ময়ূরপঙ্খী স্বপ্ন ..........অনিরুদ্ধ বসু 45**

Front Cover
Inside Back Cover
Back Cover Laltu Roy
Inside Back Cover Amrita Banerjee

# A Life for a Life

*Aniruddha Sen       Mumbai, India*

"Halt!" A shadowy figure suddenly emerged from the darkness of the forest and signaled Saira to stop her car.

Saira froze. Although the voice was of a female, a barrel was jutting out from the shoulder bag the person was carrying. Saira could easily guess it was the barrel of an AK-47.

When Saira heard that a riot between the locals and the outsiders was brewing, she wasted no time to set out with her car. She intended to somehow reach Guwahati airport from where she would fly to safety. To avoid people, she took this desolate route through hills and jungles. Little did she imagine death was lurking here too.

As if by reading her mind, the woman in front said, "Thought you would escape through the jungle? Fat chance! You, the infiltrators from the neighboring country have ruined our lives and livelihoods and sucked our blood. You made us aliens in our own land. Now's the time you all pay back with your lives."
"Oh, no!" Raising her hand before the aimed firearm, Saira said, "I'm not an infiltrator. For generations we have been living in Aligarh. I'm a government officer and was recently posted here."
"Aligarh?" Saira saw a bit of hesitation in the body language of the gun wielder. By now she had observed it was a girl of late teens. The girl continued, "Aligarh, or are you bluffing? Where is your ancestral home? Who is your father?"
"Our home is at Badar Bagh and my father was Dr. Habib Shaikh who passed away a few years ago."

"Habib Shaikh, that unscrupulous doctor?" The girl excitedly said.

"You may say so." Said shamefaced Saira, "But he was amply punished for his acts. About twenty years ago, he had his medical license annulled for being involved in some illegal activities. The shock made him repent and since then he was a changed man. He dedicated himself to the service of the needy even at the cost of neglecting his family. We therefore had to struggle a lot for coming up in life. Well, did you by chance know my father?"

"Not me but my mother knew him." Said the girl with a much more composed voice. Then she continued, "And I can probably guess why his license was canceled.

My mother came from a rich and well-known family of Assam. She was married in an aristocratic family of Aligarh. It was not a happy marriage. Yet she became pregnant in the course of time. Her in-laws were dead-against a girl child. So they took her to the chamber of your father Dr. Habib Shaikh. Ultrasonography for sex determination was then in its nascent stage. Yet it was proscribed by law. But Dr. Shaikh dared to conduct such illegal tests for hefty sums of money. His clandestine business was mushrooming but law couldn't touch him as he had many influential clients.

Before the test, my mother had a chance to face the doctor in private. She didn't dare to utter any word but just looked at him with pleading eyes. The doctor didn't misread her. After the test when he discovered it was a girl child, he told my grandfather, "Distribute sweets at home, Mr. Trivedi – it's a grandson. I however am warning you that our imaging technology is not yet cent percent perfect and please don't blame me if I've misread the image."

"Of course, we are aware of that. Yet we also know that Dr. Habib, the genius never erred." Said my overjoyed grandfather as he took my mother back home.
The doctor however had similarly alerted my mother in the meanwhile with eye gestures, and she too didn't fail to read the message. Among the celebrations she sneaked out one night and boarded an east-bound train. Finally, she reached her parent's home and I was safely born there.

My mother's in-laws probably guessed later that Dr. Shaikh had double crossed them. They were quite influential and possibly saw to it that your father's license got canceled.
'I'm forever indebted to Dr. Habib, for *your* life. I could never repay him. Try if you can', were the words my mother told me on her deathbed."

The girl stopped. Spellbound Saira waited with bated breath for her next moves.

"Go!" She said in a soft but definitive tone.

As Saira started the engine, the girl added, "The road forked a few miles ahead. In the right one, there will be a squad waiting. Take the left one. Although that passes through rough terrain and you've to be alert about wild animals crossing your track, there's no human being there."

Saira thanked the girl and started the car. After a few seconds when she looked back she saw a shadowy figure looking at her lifted a gun over head and then disappeared in the thick of the jungle.

# The Wishing Pond

*Rwitwika Bhattacharya* *Kolkata, India*

October had arrived in Kolkata with an array of dazzling colors and cheerful sounds. Goddess Durga was here with her children. The pandals were gorgeously decorated, the people were beautifully dressed, and every living heart was filled with a joyous excitement. Well… almost every heart.

Priya Roy was probably the only miserable soul in the otherwise festive times. Her mood was gloomy as ever as she sat at the table having her breakfast. Dressed in her white shirt and grey trousers she was already ready for work. She was required to wear black pants but true to her bad luck its button was found torn.

"If you weren't such a pushover", the outline of a short and stout woman emerged from inside the kitchen, "your boss wouldn't be walking all over you"

"It's not like that, Mom", Priya mumbled nervously, "they need me there. The other girls have taken leave"

"And YOU can't?"

Priya winced a little at her mother's shrill voice.

"I… well… " she squeaked like a mouse, "I've not been there long…"

"Nonsense!", her mother cut her off, "you've been working there for more than a year now! They don't give you a day off because you don't have the guts to ask!"

Her mother tied her hair up in a bun which usually signaled the end of the conversation. But before Priya could relax her mother had one final thing to say.

"Such a disappointment you have turned out to be. Learn to grow a spine, Priya!"

With that her mother went back inside.

*Grow a spine!*

If Priya really ever grew a spine the first thing she'd do would be asking her mother to leave her alone! If only she had gotten that job in Hyderabad! How far away from her parents she could be! But would her rotten luck allow these blessings? A big fat NO! Anger had only begun heating up her body when the chills of anxiety ran down her back. She was late for work!

***

The festive season has many positives, but a smooth travelling experience is not one of them. The ominous black cat crossing her path on her way out only confirmed her suspicion that the trip to her work wouldn't be pleasant. A very antsy Priya sat fidgeting beside the window as the bus moved forward like a snail. She felt like each passing

second was adding an extra weight on her mind. She could still hear the harsh words of her manager from the last time she was late.

"I'm keeping you on this job despite your very poor performance, only because I have sympathy for your financial condition. And you repay me by coming in late every single day"

Even though she had never been late before and was late on that day only because she had a medical emergency, her health wasn't a concern for Mahua the Monster (that's how she referred to Manager Mahua Gupta in her head)

In a way her mother was right. If only Priya could get over her timid nature and stand up to the monster…

"I'd get fired", she reminded herself.

"Madam! Don't take up so much space. Scooch a little"

An annoying nasal voice penetrated her ears. Priya looked up to find a woman with two protruding front teeth trying to fit herself and her son in the space beside her.

"Yes of course"

Priya sat quietly, trying her best to dodge the several kicks and pokes from the very squirmy boy beside her who in his own words had "egg roll hunger", whatever that meant, when she felt a light tap on her shoulder.

"Hello!", the perfectly round face of her former schoolmate gleamed from the seat behind her.

"Rupesh! How are you?"

"Not too bad. Isn't it a bit formal for pandal hopping?", he pointed at her shirt.

"I'm not… I have to work today."

"Ooh that's bad! Are you still working at the Northside mall?"

"Yes. Still a salesgirl.", Priya said with a small sigh.

In a tiny stroke of luck, the woman beside her took her obnoxious son and moved to an empty seat somewhere at the back of the bus. Seizing the opportunity Rupesh quickly slid beside her. His face glowing with a reddish hue as it had always done.

"So where are you headed?", Priya asked.

"To Maddox Square. I'm meeting Sonali and Mayank"

"How are they?", the names of these old friends filled her heart with nostalgia.

"All good!", he replied cheerfully, "hey why don't you join us! I'm sure they'd love to meet you!"

The idea, tempting as it was, was quite impossible.

"I can't. I have to reach the mall by 10!"

"So you'll be a bit late! They'll understand. It's the Pujas! Better yet, take the day off!"

"Are you crazy?", Priya shrieked startling Rupesh a bit. She didn't mean to but the idea was so preposterous that she couldn't help herself, "My manager will kill me"

"At least give it a try!", he kept insisting.

"I really can't. I'm so sorry. She'll never agree. Trust me!"

“Okay! Please don’t freak out!”
The two friends were silent for a few moments. Then Rupesh unexpectedly hit her with-
“You haven’t changed at all have you?”
Priya was caught off-guard.
“How do you mean?”
“You know, the way you were in school. Always so nervous, always afraid of the teachers! Like time Miss Mukherjee wrongly punished you but you didn’t say a word?”
“That’s not true!”, Priya protested but her friend went on.
“And you wouldn’t tell on the kids who bullied you because you were scared they’d bully you more if you did?”
Priya felt her ears burning up. The attack of humiliation was like a slap across her face.
“Look”, he added quickly, “I’m not saying all this to bring back bad memories. It’s just that… don’t you think you should try being a bit more gutsy? I mean, asking for a day off shouldn’t be that big a deal!”
*Well truth be told, Rupesh, you haven’t changed either! You’re still the same imposing jerk you were in high school! The very reason I had stopped talking to you altogether!*
Of course, she didn’t say any of this aloud to him.
“I get in trouble a lot more frequently than other people do’’, she said meekly. “My luck isn’t so great”, she added with a laugh so awkward it was almost painful to witness.
“We make our own luck!”, he declared.
*Oh the desire to sock the guy in the face was too tempting!*
“Not always”, she said instead, “trust me, I’ve been born with the curse of bad luck.”
“Nonsense!”
“It’s not! ”, Priya didn’t know why she was even explaining herself but she couldn’t stop.
“Trust me”, she continued, “I wish I could find a genie or a wishing well or a horseshoe or something that could help me!”
“I don’t know of any wishing wells”, he replied, “but there’s a wishing pond. You could try that”
Priya tried to guess if this was a joke. She couldn’t make that out from his expression.
“It’s true! “, he continued, “the little pond behind Harinathpur Kali temple is said to be a wishing pond. I don’t believe in luck. But at least three people I know have tossed coins into the pond and got what they wished for. Give it a shot!”
“Oh no! I’m not that desperate yet!”
It was a lie. Priya was intrigued by the idea. But was such a thing even possible? A wishing pond?
*It’s so foolish to travel all the way back looking for some pond that may or may not be magical. I’m already late for work. But then again…if I don’t try, I’ll never know. Surely, I won’t get in too much trouble for arriving a few minutes late. It’s Durga Puja after all!*
“Okay! I get off here”, Rupesh announced.

As soon as the annoyingly cheerful face of her former classmate was out of sight, Priya too requested to get off.
She ran towards the nearest auto rickshaw.
“Harinathpur Kali Mandir!”
The vehicle moved forward.

***

The temple was overcrowded. The sounds of the bells and the conches filled the air with an auspicious positivity. The little pond behind the temple was however quite isolated.
Priya stood on its edge for quite some time trying to think of the perfect wish.
Money wouldn’t necessarily bring happiness, love wasn’t enough, health wouldn’t ensure enjoyment. What then could she wish for?
After a long thought she made a decision.
She took out the Italian coin she had since childhood. It was her favourite and she wanted to use the very best for this wish.
“I want to be lucky. I want luck on my side and… “
Before she could finish her thought a loud noise startled her. She turned around to find a man fallen off of his bike.
Priya quickly tossed the coin into the pond and ran to help the poor soul.
“Are you okay, sir?”, she said, helping him up.
“Thank you!”, the man who seemed to be in his fifties replied, “yes I’m fine.”
Priya’s cell phone vibrated angrily. She saw the screen and shuddered at her manager’s name.
“I’m so late!”
No amount of luck could save her now.
“Which way are you headed?”, the man asked.
“Tollygunge”
“I’m heading there myself! Come, I’ll give you a lift”
Was this the first sign of a shift in the stars? Did the wishing pond work? Surely this was only a coincidence!

***

Priya expected to arrive at the mall at least an hour late, but it was in fact only about ten minutes past her reporting time.
*I’m pretty sure I’ll still get an earful.*
Her phone began vibrating again just as she was about to enter the store but this time it wasn’t her manager.
“Hello?”

“Hello, Priya? This is Soumen. It’s my new number”
“Oh. How are you?”
“Good, listen. I’m sending you back the five thousand bucks I’d borrowed from you. I’m sorry I took so long! Do you have Paytm?”
Priya never expected to see that money again. He borrowed from her ages ago and never mentioned it again. True to her nature Priya couldn’t bring herself to ask for it either. She stared at the amount added to her account smiling broadly. She was feeling lucky! Life was good!
Mahua the monster stood frowning as Priya stepped inside.
“Arriving late has become a habit, has it?”, Mahua said. Her hazel eyes glared at Priya. This combined with her hair tied up in a top knot and the stern expression on her face made her look like a headmistress.
Priya stood quietly. Her heart hammered in her chest. She wanted to say something. Try her luck. But she was afraid.
“What’s the excuse for today?” the manager tapped her foot impatiently.
*Come on Priya! You know what you have to do. Luck WILL favor you. The pond has worked for others. It WILL work for YOU.*
“It’s the Durga Puja ma’am!”, she finally replied, “many of the roads are blocked and the traffic is too slow”, little by little Priya felt more confident.
“So? Am I not here on time?”
“I don’t live nearby, ma’am. My house is far away”, once Priya had started, she didn’t want to stop, “Even so I’m only ten minutes late.”
Mahua glared at her for some time.
“Get to work”, she finally said.
Priya couldn’t feel her legs, her knees trembled, her heart pounded inside her ribs. But no matter how scared she was, she had done it. She answered back. And nothing bad had happened. The wishing pond had saved her!
About an hour later Mahua appeared before her again.
“I’ve taken the rest of the day off”, she said, “you’ll have to manage alone”
Priya nodded silently. But then something inside her belly pushed her to speak up.
“I’ll need a leave on Nabami” she blurted out.
Mahua was visibly furious.
“And why is that?”
“I have some plans”, she tried to sound as calm as possible, “each employee here is given one day off during the four days of Durga puja, I’m applying for my allotted leave. So I won’t be coming the day after tomorrow”
Mahua paused for a moment.
“Send me an email”
Priya was smiling ear to ear. Not even in a million years could she have found the guts to speak up if it hadn’t been for the wishing pond!

The rest of the day was like a dream! With luck on her side, she spoke to the customers with confidence and ease. Priya made more sales that day than she had ever before!

***

Kolkata becomes a vision on the evenings of Durga puja. The multi-coloured lights, the music from the Dhak, the brightly clad people with broad smiles all adding to the magic!
*The world shines differently when luck is on one's side. The unlucky merely exist. Stooping apologetically. The lucky ones live, take up space with pride.*
Priya was on her way back home but the glittery night beckoned her to join in the festivities. She walked around the crowded streets stopping at pandals to thank Maa Durga for the blessing She had bestowed upon her.
A while later Priya found herself standing on the edge of the familiar pond that had changed her life. Overwhelmed with emotions she started dialling Rupesh's number.
"Thank you!", she said the moment he picked up "Thank you so much for telling me about the wishing pond! It has changed my life!"
There was a moment of silence on the other side.
"Are you kidding? Don't tell me you actually bought that story!", he finally replied.
"It's NOT a story!"
"Of course It is! I made it up. I was just a joke. You seriously went there?"
Priya couldn't respond. She disconnected the call. Was it really just a joke? But her luck was undeniably better. Surely this WAS a wishing pond!
But her thoughts were disrupted by something shiny gleaming from behind a shrub. She took the object out and placed it on her palm. The Italian coin.
The coin was never inside the pond.
Priya stood silently for a long time, looking up at the twinkling stars in the sky.
*So it wasn't luck after all!*
Her lips slowly curved into a smile. Her eyes welled up.

***

"Why are you back so late?", Priya's mother yelled as she stepped inside her house.
"I have Chinese food for us"
Her father's balding head looked up from his newspaper.
"You have no respect for money", he said, shaking his head disapprovingly, "Chinese food …"
"Money doesn't matter when it comes to the people I love!"
Priya smiled broadly and kissed her parents on the cheeks.
"Fine! Go freshen up", her mother said as both parents tried concealing their smiles.
"Absolutely!", Priya grinned "and mom, dad…Happy Durga Puja!"

# MY INITIATION (POITAY)



*Dr. Kaushik Bagchi. Albany, NY*

I was afraid to look in the mirror. My younger cousins were giggling in the background while their fists were covering their faces. My uncles and aunts who walked past me looked at me half-admiringly, half-pleasantly surprised. I knew they were trying really hard to understand my situation, especially since I did not know all the ways of India. I woke up at four in the morning today, having slept for at least fourteen hours. Yesterday, I was with my parents, Tinku, some of my uncles and aunts, and several of my cousins visiting Alipore Zoo. That was one of the most fun days I had experienced in my life, and certainly the most enjoyable part of my visit to India in 1981. But the fun trip had left me exhausted.

During most of my childhood in Brooklyn, summers were completely open. Baba was a professor at Manhattan College and my mother taught school, so we would be able to spend an uninterrupted period of three months in India. Baba and Ma always looked forward to seeing their family, and I missed seeing my cousins with whom I always had fun. My parents' day-to-day frugality allowed them to afford trips to India every three to four years. The last trip was in 1978, and thus we were due for another visit. Other than the oppressive heat and humidity, unpredictable monsoon showers, load shedding, noisy and disorganized local travel in crowded buses and trains, and Tinku's abject fear of flies, we all thoroughly enjoyed our stay in India.

My scalp still was stinging from the antiseptic. The family barber, Noggen, had rubbed a slippery white rock, which was dripping with an astringent, over my recently shaved head. It smelled like Baba's aftershave, but it stung like the orange mercurochrome Ma would slather on my scraped knees and elbows whenever I got hurt. As I looked in the mirror, I confirmed that my head was not bleeding as I had thought. My cousins, Picklu (age nine) and Ghotu (age eight), kept looking at my head in amazement. I was the center of attention, and was wearing an orange robe and holding a sack that carried grains of rice. As part of tradition and emphasis on humility, I had to beg for food from my relatives and other guests in the house. Many visitors blessed me and even rubbed my bald head for good luck. They saw a boy who was being initiated formally to priesthood. Today was the day of my poitay ceremony, when I would earn the sacred thread of the same name routinely worn by Brahmins.

Just before dawn, Ma awakened me and advised that I bathe thoroughly before I meet with my guru. I had a long day ahead of me, and I was thankful to have slept soundly the

night before, especially after having collapsed of heat exhaustion yesterday after spending the whole day at the zoo in ninety-degree humid weather. I was supposed to fast the whole day, don a robe, carry a wise staff, recite verses from ancient Hindu scripture, and beg for alms, as expected of the ascetic Brahmin who attains high social status only by rescinding anything viscerally pleasurable or impure. Interestingly, it had been a year since I embraced atheism and did not see the logic behind religion, but I went along with the wishes of my family to follow the rites of passage within my caste, as my forefathers had done. I knew I would get a lot of presents and fanfare on my poitay, so what's so bad about being bald for a month or two?

I had to sit cross-legged near a small fire pit in the middle of the room, keeping much focus on the rituals and resisting the urge to swat the pesky mosquitos that wanted to bite my juicy skull. Fortunately, it wasn't too hot that day. Baba's elder brother, who was also Picklu's father and whom I called Jethumoni, was my designated guru who guided the prayers and made sure I was able to pronounce precisely all the Sanskrit words as part of the Gayatri mantra, a powerful chant that has been repeated by Brahmins for centuries. Jethumoni advised that I learn it perfectly, since I would have to recite it twice daily for at least a year and remember it for the rest of my life. I was not supposed to share this secret, ancient code, neither with a woman nor with one who is not Brahmin, but only recite it during solitary prayer. I felt more potent, as I realized I was an important node in the web of religious tradition; I somehow, without pondering or analyzing, passively inherited the knowledge and wisdom contained in the folklore and stories of past generations. After a whole day of prayer and rituals, I finally was awarded the sacred thread, and for the first time, looped it above my left shoulder and let it rest on my right flank. I had to wear it for at least one year, but may have chosen to wear it for the rest of my life. I feared, however, I would have to explain to my eighth-grade classmates in the school locker room why I was wearing a string around my body.
The next morning, my guru took me to the Ganges where I had to bury my stick. I was happy my fast was over and looked forward to the party later in the day.





# PEACE

*Monideepa Sen     Jamshedpur, India*

Just a little peace
Looking for some peace
Away from stress and trouble
Like the birds and bees

In the lap of Nature
Among the flowers and trees
Beneath the cloudless canopy
Just looking for some peace

Why does peace elude me?
My restless mind does rove
I roam the sandy beaches
For one calm sheltered cove

Can peace be found in music?
In the sound of gurgling brooks?
In breeze that rustles tree tops?
In cosy little nooks?

In silver moonlit evenings
In misty morning light
In raindrops on your window
That cool your summer night

A word of cheer and comfort
A hand that holds me fast
A shoulder I can lean on...
I feel at peace ,at last.

# গল্প হলেও সত্যি

*চৈতালি সরকার বর্ধমান, পশ্চিম বাংলা*

"ভূতের গল্প লিখে লিখে তোর মাথাটা একেবারেই গেছে।" বিমল বারুদ জ্বালিয়ে দেওয়ার মতো করে বলল কথাটা।

নবীনের তাতে কিছু যায় আসে না। আজকাল এরকম কথাবার্তা ও হজমী গুলির মতো হজম করে নেয়।

নবীনকে চুপ থাকতে দেখে বিমল বলল, " আচ্ছা সত্যি করে বলতো তুই কখনও ভূত দেখেছিস? "

নবীন মাথা নেড়ে বলল, " না। আর সেখানেই তো আফশোষ।" শূন্যে সিগারেটের ধোঁয়া ছুঁড়ে বলল, " একবার ট্রাই করতে হবে বুঝলি। চোখে দেখতে পেলে গল্পগুলো আরও জীবন্ত হবে। নইলে শুধু বানিয়ে.... " কথা শেষ হওয়ার আগেই চায়ের ট্রে নিয়ে ঘরে ঢুকল অপরূপা।

বিমল একমুখ হাসি ছড়িয়ে বলল, " বসুন বৌদি আপনার সাথে কথা আছে।"

অপরূপা চা সার্ভ করতে করতে কথা চালিয়ে যাচ্ছিল, " কী ব্যাপারে? ভূত নয়তো? "

"এক্সাটলি।"

"তাহলে আমায় ছেড়ে দিন। ওই বস্তুকে আজও দর্শন করার সৌভাগ্য আমার হয়নি। "

ওদের দুজনের মাঝে নবীন বলল, " কাল অমাবস্যা। যাবি কোনো ভূতুড়ে বাড়ি? "

হো হো করে হেসে উঠল বিমল। অপরূপার ঠোঁটে তখন কৌতুকের হাসি।

আসলে অনেকবারই প্ল্যান মাফিক পৌঁছে গেছে শশ্মান, কবরস্থান এমনকি গভীর জঙ্গলে। তিনজন রাত জেগে বসে থেকেও কোনো ভূতের দেখা পায়নি।

নিজেকে সামলে নিয়ে বিমল বলল, " ভূতুড়ে বাড়ি তুই কোথায় পাবি? আর যদি পেয়েও যাস সেখানে ভূত থাকবে তার গ্যারান্টি কি? "

অপরূপা সারেন্ডার করল প্রথমেই।

রাত জেগে ভূত দেখার ইচ্ছে ওর নেই।

নবীন বলল," খোঁজ পেয়েছি। পলাশী থেকে পনের কিমি দূরে একটা পুরোনো জমিদার বাড়িতে নাকি ভূত আছে। অনেকেই সেখানে অশরীরীদের ঘোরাফেরা টের পেয়েছে। "

অমাবস্যার রাতে ভূত দেখার সৌভাগ্য হলেও হতে পারে ভেবে বিমল রাজী হয়ে গেল। সন্ধ্যে ছটার সময় বেরিয়ে পড়বে দুজন। রাত গভীর না হলে তো আবার তেনাদের দেখা পাওয়া যায় না!

জমিদার বাড়ির সামনে এসে দেখল সদর গেট তালাবন্ধ। কী করবে এখন? রাত প্রায় এগারোটা। এতো রাতে বাড়ি ফেরা সম্ভব নয়। কাছেপিঠে কোথাও হোটেল নেই। জায়গাটা জনশূন্য। অন্ধকার চাদরে মোড়া চারিদিক। জমিদার বাড়ির সামনে দু - চারটে বড় বড় গাছ। হালকা হাওয়ায় মাথা নাড়ছে। ঝিঁঝিঁ পোকার একটানা ডাক আর জোনাকির ছুটোছুটিতে কিছুটা ভৌতিক পরিবেশ সৃষ্টি হয়েছে।
হতাশ হয়ে নবীন বলল," দূর আমার কপাল খারাপ। কত কষ্ট করে এলাম।"
বিমল কী একটা বলতে যাচ্ছিল হঠাৎ পেছন থেকে ভেসে এল কণ্ঠস্বর।
"আপনারা কোথায় যাবেন? "
নবীন ঘাড় ঘুরিয়ে দেখল একজন মাঝবয়সী ভদ্রলোক ওদের ঠিক পেছনে দাঁড়িয়ে।
নবীন বলল," এই জমিদার বাড়ি থাকব বলে এসেছি। কিন্তু দেখছি বাড়িটা বন্ধ।"
ভদ্রলোক বললেন," আপনারা জানেন না এই বাড়িটা থাকার পক্ষে সেফ নয়। আপনারা কোথা থেকে এসেছেন? "
"ব্যারাকপুর।"

বিমলের দিকে তাকিয়ে ভদ্রলোক বললেন," এতো রাতে আপনারা তো ফিরতে পারবেন না। আমার বাড়ি কাছেই চলুন সেখানে না হয় রাত্তির কাটিয়ে কাল ভোরবেলা চলে যাবেন। "
নবীন গোয়েন্দাদের মতো সন্দেহের দৃষ্টি নিয়ে বলল," আপনিই বা এতো রাতে এই পথে কেন? "
ভদ্রলোকের কথায় ওনার নাম প্রতাপ সামন্ত। পলাশী বাজারের ওপর ওনার একটা ওষুধের দোকান আছে। দোকান বন্ধ করে ফিরতে রোজই রাত হয়ে যায়। আর বাড়ি ফেরার একমাত্র পথ এটা।
শেষপর্যন্ত ওরা প্রতাপবাবুর কথায় রাজী হয়ে গেল। বাড়িটা খুব বেশি দূরে নয়। হাঁটাপথ আধঘন্টা হবে। প্রতাপবাবু কলিং বেল বাজাতেই দরজা খুলে দিল একটি বাইশ তেইশ বছরের তরুণী। মেয়েটি বেশ সুন্দরী।

বিমল ব্যাচেলার ছেলে। বয়স ত্রিশের কাছে। নবীন ওর থেকে দুবছরে বড়। দুজনে একই অফিসে চাকরি করে। বিমল এই নির্জন স্থানে এরকম সুন্দরী মেয়ের দেখা পাবে ভাবতেই পারেনি। তাই প্রথম দর্শনেই একেবারে গলে জল। নবীনের কানে কানে ফিসফিস করে বলল," ভূত না হোক ডানাকাটা পরী তো দেখতে পেলাম। "

উটকো অতিথি হয়েও যে এতো ভালো ভালো খাবার জুটবে আশা করেনি ওরা। বেগুনভাজা, ভেজডাল,মাছের কালিয়া এমনকি শেষপাতে রসগোল্লা। সত্যি ভাবা যায় না! বলেই ফেলল বিমল," আজ কী কোনো বিশেষ দিন মানে কোনো অনুষ্ঠান ছিল? "
প্রতাপবাবু হেসে বললেন," কুসুম মানে আমার মেয়ের জন্মদিন। "
কুসুম সলজ্জ দৃষ্টি মেলে বিমলের দিকে তাকালো। চোখাচোখি হল দুজনের।
নবীন ফিসফিস করে বলল," প্রথম রাতেই প্রেম বিনিময় করবি নাকি? "
খাওয়ার শেষে মিঠে পানে প্লেট সাজিয়ে কুসুম আতিথেয়তা করল। পথক্লান্তির পর এইরকম ভুড়িভোজন করে দুজনের চোখেই ঘুম জড়িয়ে এল সহজেই।
রাত তখন কতইবা হবে! একটা দেড়টা বোধহয়!

হঠাৎ ঘুম ভেঙে গেল নবীনের। তাকিয়ে দেখে পাশে বিমল নেই। হয়তো ওয়াশরুমে আছে ভেবে একটা সিগারেট ধরাল। না, কোনো পাত্তা নেই। ভূতের গল্প লিখে লিখে নবীন চোস্ত হয়ে গেছে। তাই পূর্বাপর কী হতে পারে আন্দাজ করেই বেরিয়ে এল ঘর থেকে। ওয়াশরুমে খোঁজ করেও বিমলের দেখা পেল না। পাশের ঘরে প্রতাপবাবু অঘোরে ঘুমোচ্ছেন। তাকে ডিস্টার্ব না করেই পথে বেরিয়ে পড়ল নবীন। রাতের আকাশে নক্ষত্রের জ্বলে ওঠা আলোতে দেখা যাচ্ছে সব। একফালি রাস্তা এঁকেবেঁকে চলেছে সামনে। দ্রুত পা চালিয়ে এগিয়ে চলল নবীন। যেভাবেই হোক বিমলকে পেতেই হবে। আধাঘন্টা খরচ করে পৌঁছে গেল জমিদার বাড়িতে। ঠিক যা ভেবেছিল তাই। দুটো ছায়ামূর্তি জমিদার বাড়ির সদর দরজায় দাঁড়িয়ে। নবীন চিৎকার করে বলল," বিমল কোথায় যাচ্ছিস? " বিমল নিশ্চল পাথরের মতো তাকিয়ে রইল কিছুক্ষণ। কোনো কথাই যেন ওর কানে পৌঁছছে না। নবীন বিমলের হাত ধরে হ্যাঁচকা টান মারতেই বিমলের সম্বিত ফিরে এল। পাশে দাঁড়িয়ে থাকা কুসুমকে দেখিয়ে বলল," ও আমায় ডেকে নিয়ে এল জমিদার বাড়ি দেখাবে বলে।"
নবীন কুসুমের দিকে তাকিয়ে বলল," তুমি জানো না এ বাড়ি সরকার থেকে বন্ধ করে দিয়েছে।সেখানে কাউকে ঢুকতে দেওয়া হয় না।"
কুসুমের শান্ত সুরে উত্তর," জানি। তবে রাতে অন্য পথ দিয়ে আমি ভেতরে নিয়ে যেতে পারি।"
নবীনের সন্দেহের তীর মিথ্যে নয়। কুসুমের গলার স্বরে নাকি আওয়াজ স্পষ্ট। ভালো করে সিওর হওয়ার জন্য পাদুটো লক্ষ্য করল। কোনো ভুল নেই। পায়ের পাতা মাটি থেকে সামান্য উঁচুতে। ওরা যে ভূমি স্পর্শ করে না নবীন অনেক লেখায় পড়েছে।

বিমলের কানের কাছে ফিসফিস করে নবীন বলল," চল পালাই। ভূত দেখা হয়ে গেছে।"


দুজনে ছুটতে ছুটতে প্রতাপবাবুর বাড়ির সামনে এসে দাঁড়াল। চটপট গুছিয়ে নিতে হবে জিনিসগুলো। কিন্তু একি! দরজায় তালা ঝুলছে কেন? একটু আগেই তো সব খোলা ছিল। তবে কী বাড়িটাও? মনের মধ্যে প্রশ্নটা আসতেই প্রতাপবাবু চেঁচিয়ে বললেন," আপনারা তো আচ্ছা লোক! রাতদুপুরে দরজা খোলা রেখে বেরিয়ে পড়েছেন। বললাম জায়গাটা ভালো নয়।"
নবীন বলল," আপনার মেয়ে কুসুম কোথায়? "
"আরে ওর জন্যই তো ঘরে তালা দিয়ে আপনাদের খুঁজতে বেরিয়েছি। ও ঘরে ঘুমোচ্ছে। "
বিমল সিওর হওয়ার জন্য কুসুমের ঘরে উঁকি মারল। পবিত্র ফুলের মতো শুয়ে আছে কুসুম। একটু আগের ঘটে যাওয়া কোনো কথাই ওরা প্রতাপবাবুর কাছে প্রকাশ করলাম না। রাতটা কোনরকমে কাটিয়ে ভোর হতেই বেরিয়ে পড়ল ওরা।

"নিশি ডাকে বলে শুনেছি। কুসুমের সাজ নকল করে তবে কী আমায় নিশি ডেকেছিল?"
বিমলের প্রশ্নের উত্তরে নবীন মুচকি হাসল শুধু।

নবীনের গল্পের প্লট রেডি। এবারের গল্প এক্কেবারে জীবন্ত!



# কেপমারি



*দীপক চক্রবর্ত্তী* *কলকাতা*

প্রবীরবাবুর এখন অখণ্ড অবসর। বছরখানেক হ'ল চাকরী থেকে অবসর নিয়েছেন। প্রথমদিকে মাসকয়েক খুবই অসোয়াস্তি ছিল, কিন্তু এখন মানিয়ে নিয়েছেন। কলেজে পড়াকালীন কলকাতায় বঙ্গ সংস্কৃতি সম্মেলন, ডোভার লেন মিউজিক কনফারেন্স ছাড়াও নিয়ম করে নাটক, সিনেমা, যাত্রাপালা এবং অন্যান্য নানান অনুষ্ঠানে বেশ নিয়মিত ছিলেন। কিন্তু, যা হয়। চাকরীজীবন শুরু করার পর এইসব সাংস্কৃতিক অনুষ্ঠানগুলো আস্তে আস্তে তাঁর জীবন থেকে হারিয়ে গিয়েছিল। বিয়ের পরপর কলকাতায় গেলে যদিওবা স্ত্রী'র সঙ্গে কয়েকটি নাটক এবং সিনেমা দেখা হয়েছে। কিন্তু, অবসর নেওয়ার আগে অবধি কবে যে তিনি শেষ সিনেমা দেখেছেন সেটা নিজেই মনে করতে পারেন না। হ্যাঁ। দূরদর্শনে অবশ্যই দেখেছেন, কিন্তু সেটা তো সেই যাকে বলে দুধের স্বাদ ঘোলে মেটানোর মতন।

চাকরীজীবনে তিনি কলকাতামুখো হ'ন নি। সুযোগ যে আসে নি তা নয়। তবে সেই সুযোগ তিনি নিজেই নেন নি। তাঁর চাকরীজীবনের প্রথমদিকে হলে যদিও বা করতেন, রাজ্যে সরকার বদল হয়ে যাওয়ার পর রাজ্যের হাল দেখে আর তার রাজ্যে ফিরে কাজ করার ইচ্ছা হয় নি। দক্ষিণ ভারতে ভাষার একটা সমস্যা থাকলেও উনি ওখানে নিজেকে বেশ ভালোই মানিয়ে নিয়েছিলেন। বিয়ের পর প্রথমদিকে ওঁনার স্ত্রী একটু খোঁচাখুঁচি করতেন কলকাতায় চাকরী খোঁজার জন্য, কিন্তু উনি বিশেষ আমল দেন নি। তারপর ওঁনার স্ত্রীও আর কলকাতায় যাওয়ার নাম করতেন না। আর এখানকার ভাষাটাও বেশ ভালোই রপ্ত করে নিয়েছেন, যা প্রবীরবাবু নিজে এতদিনেও পারেন নি। ইংরাজি আর ভাঙ্গাচোরা হিন্দি বলেই বেশ জীবনটা কাটিয়ে দিলেন।

তা বলে প্রবীরবাবু যে কলকাতায় যেতেন না তা নয়। ছুটিছাটাতে যেতেন বই কি। বিশেষ করে পিতৃকূল, মাতৃকূলের সকলেই দেশভাগের পর থেকে কলকাতাবাসী। সর্ব্বোপরি শ্বশুরবাড়ী তো কলকাতার অনতিদূরেই। কিন্তু, তাও কারণ না থাকলে পরের দিকে আর বিশেষ যাওয়া হয়ে উঠত না। ছেলেমেয়েরা এইদিকেই বড় হয়েছে, আর তাছাড়া এখানকার ভাষাটাও তারা মাতৃভাষার মতনই অনর্গল বলে যেতে পারে। তাদের বন্ধুবান্ধবেরাও সবাই এইখানকার। আর ছুটির সময় তিনি তাঁর স্ত্রী'র ইচ্ছানুসারেই ভারতের বিভিন্ন জায়গায় বেড়াতে যেতেন। ছেলেমেয়েরাও তাতে বেশ খুশীই হ'ত।

এতে ওঁনার একটা সুবিধাই হয়েছিল। স্ত্রী আর কলকাতায় যাওয়ার কথা বলত না। এইখানে বেশ নিজের মনের মতন করে সংসার গুছিয়ে ছেলেমেয়েদের মানুষ করার দিকেই মন দিয়েছিলেন। শ্বশুরবাড়ীতে থেকে সকলের মন জুগিয়ে চলার ঝামেলা থেকে নিষ্কৃতি। বরঞ্চ শাশুড়ীর পছন্দেরই হয়ে উঠেছিলেন তাঁর ছেলেকে নিরুদ্বিগ্নচিত্তে, শান্তিতে খাইয়েপরিয়ে রাখার জন্য। প্রবীরবাবু আরও একটা জিনিষ লক্ষ্য করেছিলেন যে তাঁর স্ত্রী কখনওই তাঁর নিজের বাপের বাড়ীর লোকেদের তাঁর এইখানে বেড়াতে আসার জন্য বলেন নি। কারণটা তাঁর আজ অবধি বোধগম্য হয় নি। উনিও এই নিয়ে ওঁনার স্ত্রীকে কোনওদিনই কিছু জিজ্ঞাসা করেন নি, যদিও শ্বশুরবাড়ীতে গেলে উনি নিজেই ওঁনার শ্বশুরমশাই, শাশুড়ী-মাকে বলতেন এখানে এসে কয়েকদিন থেকে যাওয়ার জন্য। কিন্তু, কোনও অজ্ঞাত কারণে তাঁরাও তাঁদের মেয়ের বাড়িতে আসতে পারেন নি।

ভাইজাগে থাকতে থাকতে স্ত্রী'র পরামর্শেই এই ফ্ল্যাটটা কিনেছেন। ওঁনার স্ত্রী আর ছেলেমেয়েরা মিলে তাঁদের পছন্দ অনুযায়ী ফ্ল্যাটটা সাজিয়ে গুছিয়ে নয়নাভিরাম করেছে। এই ধরণের সাংসারিক ব্যবসাবুদ্ধির কারণেই প্রবীরবাবুর ওঁনার স্ত্রীকে বেশ ভালোই লাগে। যেই দামে উনি ফ্ল্যাটটা কিনেছেন, হিসাব করে দেখলে এখনও অবধি বাড়ী ভাড়া করে থাকলে তাঁর খরচ অনেক বেশীই পরে যেত। সেইখানে এই-ই ভাল, নিজস্ব একটা থাকার জায়গাও হয়ে গেল। কিন্তু এখন ছেলেমেয়েরা দু'জনেই বিদেশে চলে যাওয়ার পরে এই তিন বেডরুমের ফ্ল্যাটটা বেশ বড়ই লাগে, যেটা এতদিন বোধ করেন নি, বা বলা চলে মনে হয় নি। মেয়ে চলে যাওয়ার পর থেকে ওঁনার স্ত্রীও কয়েকদিন ধরে বেশ আনমনা হয়ে রয়েছেন। তাই তাঁরা স্বামী-স্ত্রী দু'জনে মিলেই ঠিক করলেন যে বয়স হয়ে যাচ্ছে, এর পরে কি হয় না হয়, দু'জনে মিলে কলকাতায় গিয়ে আত্মীয়-স্বজন, বন্ধুবান্ধবদের সঙ্গে গিয়ে দেখা করে আসাই ভাল হবে। সাথে উপরি পাওনা হিসাবে একাডেমীতে নাটক ইত্যাদি দেখে আসা যাবে।

যেইদিন কলকাতায় ওঁনারা পৌঁছালেন। সেইদিনই খবর পেলেন যে তার পরের শনিবার একাডেমিতে উরুভঙ্গম নাটক অনুষ্ঠিত হবে, চলবে সারারাত ধরে। প্রবীরবাবুর শালাসাহেব নাটকটির খুবই সুখ্যাতি করলে পরে ওঁনারা স্থির করলেন নাটকটি দেখবেন। টিকিট কেটে একাডেমির পিছনে ক্যান্টিনে পুরানো দিনের মত মাছের চপ আর চা খেয়ে মনটা বেশ খুশী হয়ে গেল। আগে কতবার কত সময় নাটক দেখুন কি না দেখুন বন্ধুবান্ধবেরা মিলে এই রবীন্দ্র সদন চত্বরে এলে এখানে এসে মাছের চপ আর চা একদম বাঁধা ছিল। গুটিগুটি পায়ে তিনি হেঁটে রবীন্দ্র সদনের দিকে এগিয়ে চললেন। জায়গাটা পুরোপুরিই বদলে গেছে। আগে যেখানে পঁচিশে বৈশাখের অনুষ্ঠান হ'ত সেখানে তবলা, ডুগডুগি,

একতারা দিয়ে একটা মঞ্চ বানানো হয়েছে। উনি একটু বিরক্তই হলেন। জায়গাটার সৌন্দর্যটা একদম নষ্ট হয়ে গেছে। শিশির মঞ্চের পিছনে শৌচাগারের সামনে স্মারকলিপি দেখলেন মুখ্যমন্ত্রীর পরিকল্পনায় জায়গাটির না কি সৌন্দর্যায়ন করা হয়েছে। উনি কিছুই বুঝলেন না। শুধু দেখলেন যে জায়গাটা তাঁদের সময় যেমন ছিল, এখন আর সেইরকমটি নেই। বেজায় ভীড় এবং সবাই উদ্দেশ্যহীন। খাবারের দোকানগুলোর পাশে বেজায় ভীড়। জোড়েবিজোড়ে নানান জন সমস্ত চত্বরে ছড়িয়ে আছে। ওঁনাদের সময়ের থেকে এখনকার সময়ের পরিবর্তনটা বুঝতে পারলেন। সময়ের সাথে সাথে সবকিছুরই পরিবর্তন হয়, আর সেটাই কালের নিয়ম।

গোলপার্কের কাছে, ছোটবেলার স্কুলের বন্ধু সুবীরের বাড়ীটা ওঁনার মনে ছিল। একদিন সকালে চলে গেলেন। সুবীরেরা আর ওখানে থাকে না। বাড়ীটা এখন আজকালকার ছেলেমেয়েরা যাকে সিসিডি বলে, সেই কফির দোকান হয়ে গেছে। রামকৃষ্ণ মিশনের উল্টো ফুটপাথে যেখানে এল৯এর বাসগুলো দাঁড়িয়ে থাকত তার সামনে একটা চায়ের দোকান ছিল। সেখানে বন্ধুদের সাথে বসে গুলতানি করতেন। আর রামকৃষ্ণ মিশনের রেলিংয়ের দিকে তাকিয়ে একটা মুচকি হাসি ওঁনার মুখে এসে মিলিয়ে গেল। স্কুল পাশ করার পরে রামকৃষ্ণ মিশনের সীমানার পাঁচিলের উপরে বসেই তাঁদের আড্ডা চলত। মিশনের মহারাজ অনেকবারই তাঁদের অনুরোধ করেছিলেন পাঁচিলের উপরে না বসতে, কিন্তু ওঁনারা তাঁর কথায় বিশেষ কান না দেওয়ার ফলে পাঁচিল ভেঙ্গে ফেলে লোহার খোঁচাখোঁচা রড দিয়ে আজকের এই সীমানার বেড়া তৈরী হয়েছে। একটু এগিয়ে জমিদার বাড়ীর সামনে গাড়ীর গ্যারেজ ছিল। সেখানে গাড়ীর মেরামতিও হ’ত। মিশনের পাঁচিল থেকে উচ্ছেদ হয়ে তারই পাশের চায়ের দোকানে তাঁরা কয়েকদিন বসেছিলেন। তারপরে এল৯এর সামনের দোকানে আর তারপর হিন্দুস্থান রোডে।

এক্সিস ব্যাঙ্কের সামনে দাঁড়িয়ে কি করবেন ভাবছিলেন, তখন হঠাৎই গম্ভীর গলার একটা আওয়াজ শুনলেন। ‘‘প্রবীর না?’’ ঘাড় ঘুরিয়ে দেখলেন, কিন্তু মুখটা ভীষণ চেনা লাগলেও চিনতে পারলেন না। ঘাড় হেলিয়ে সম্মতি জানালেন। ভদ্রলোক মুচকি হেসে এবার বললেন ‘‘চিনতে পারছিস না, তাই তো!’’ আবার সম্মতি জানানোর পরে উনিই জিজ্ঞাসা করলেন, ‘‘ব্যাঙ্কে এসেছিলি?’’ এইবারে উনি জানালেন যে না উনি ওঁনার স্কুলের বন্ধু সুবীরের বাড়ী এসেছিলেন। ভদ্রলোকটি এইবারে হেসে বললেন, ‘‘আর এসে দেখলি ওরা আর এইখানে থাকে না আর বাড়ীটা ‘কাপে কফি দে’ নিয়ে নিয়েছে,

সেটা তো দেখতেই পেলি। তা চল, আমার বাড়ীতে, কাছেই।" কথাটা শোনামাত্র বিদ্যুৎচমকের মতন প্রবীরবাবুর মুখ থেকে বেড়িয়ে এল "তুই গোদু না!" গোদু অর্থাৎ গৌতম ওঁনার কাঁধে হাত রেখে হেসে বলল, "যাক! মনে পড়েছে তাহলে।" গৌতমের বাড়ীও কাছেই। কাঁকুলিয়া রোডের বাড়ীতেই এখনও আছে। আগে ওরা ঐ বাড়ীতে ভাড়া থাকত। এখন গৌতম বাড়ীটা কিনে নিয়েছে। ওর বাড়ীতে চা খেতে খেতে নানান কথা হ'ল। স্কুলে পড়াকালীন একমাত্র ও-ই স্কুল কেটে আলেয়া, প্রিয়া, মেনকা, উজ্জ্বলায় নুন শো দেখত। সেইসব রঙীন দিনগুলোর কথা বলে সময় যেন আর শেষই হতে চায় না। কিন্তু, বাড়ী তো ফিরতে হবে, আর কলকাতা প্রবীরবাবুর কাছে এখন এক অজানা শহর। তাঁদের ছোটবেলায় রাত বারোটা'র সময়ও বাস পাওয়া যেত। আবার সকাল চারটার থেকে বাস চালু হয়ে যেত। গৌতমের কাছেই শুনল যে এখন মোটামুটিভাবে রাত দশ'টার পরেই শহর ফাঁকা হয়ে যেতে শুরু করে। তাঁদের সেই কৈশোর-যৌবনের দিনগুলো থেকে কলকাতা বয়সের হিসাবে এগিয়ে গেলেও সময়ের সাথে তাল মেলাতে পিছিয়েই রয়েছে। কলকাতার যৌবন এখন ভরসা রাখে সরকারী বা বেসরকারী পরিবহনের উপরে নয়, অ্যাপক্যাবের উপরে। এই অ্যাপক্যাবে আর নিজস্ব বাহনের ভরসাতেই কলকাতার নৈশ জীবন আজ মৃতপ্রায় অবস্থায় বেঁচে রয়েছে। গৌতমের কাছ থেকেই ও জানতে পারল এখন মানে কোভিড পরবর্তী সময় কিছু কিছু জায়গায় সঙ্গীতানুষ্ঠানে অবাধ প্রবেশের চল হয়েছে। ও-ই জানাল যে আগামী বিশ্ব সঙ্গীত দিবসে জ্ঞান মঞ্চে বাউল এবং বিভিন্ন ধরণের গানের অনুষ্ঠান হবে। প্রবীরবাবুর মনে ধরল কথাটা। ঠিক করলেন সেইদিন স্ত্রীকে নিয়ে যাবেন।

প্রবীরবাবু এখন বেশ আনন্দেই আছেন। বিকাল হলেই বেড়িয়ে পড়েন রবীন্দ্র সদন অভিমুখে। সেখানে ঘোরাঘুরি করে নন্দন, একাডেমি আর রবীন্দ্র সদনে কবে কি অনুষ্ঠান হচ্ছে জেনে নিয়ে নিজের পছন্দ মতন অনুষ্ঠানের টিকিট কাটেন আর যেখানে প্রবেশ অবাধ সেইখানে তো অতি অবশ্যই ঢুঁ মারা চাই। জ্ঞানীজনেরা তো বলেই গিয়েছেন 'যেখানে দেখিবে ছাই, উড়াইয়া দেখ তাই। পাইলে পাইতে পার অমূল্য রতন'। ওঁনার স্ত্রী ওঁনার সাথে সবসময় সঙ্গ দিতে না পারলে উনি একাই আসেন। দিনগুলো স্ফূর্ত্তিতেই কেটে যাচ্ছে।

সেইদিন প্রবীরবাবুর স্ত্রী ওঁনার সঙ্গে আসেন নি। রবীন্দ্র সদনে এক কর্ম্মচারী সঙ্ঘের সাংস্কৃতিক অনুষ্ঠানে উনি একাই এসেছেন। অন্যদিন প্রবীরবাবু দোতলায় একদম সামনের রো'তে গিয়ে বসেন। রেলিঙয়ের উপরে মোবাইলের সাপোর্ট নিয়ে ভিডিও তুলতে সুবিধা হয়। কিন্তু এইদিন দর্শক বেশী না হওয়ায়

উপরের তল আর খোলে নি। তিনি নীচেই শেষ রো'তে একদম মাঝামাঝি গিয়ে বসলেন। প্রবেশ অবাধ। অনেকেই আসছে, যাচ্ছে। ওঁনার রো'তে একদম ধারের আসনে একজন দাড়িওয়ালা লোক বসে আছেন। আর বাকী সব আসন একদমই ফাঁকা। একদম সামনের আসনগুলো প্রায় ভর্ত্তি। মাঝামাঝি জায়গার পর থেকেই লোকে ছড়িয়ে ছিটিয়ে বসে আছে।

মঞ্চে লোকগীতি গাইছেন একজন স্বনামধন্য শিল্পী। ঘোষক শিল্পীকে পরিচিতি করানোর সময় তাই বলেছেন। কিন্তু প্রবাসী প্রবীরবাবুর কাছে উনি অচেনা। নির্ম্মলেন্দু চৌধুরীর পরে উনি স্বপন বসু অবধি এসে থমকে গেছেন। চর্চ্চাও নেই বহুদিন। শিল্পী গাইছেন বেশ দরদ দিয়ে। প্রবীরবাবু মন দিয়ে শুনছেন। কিছুক্ষণ পরে ওঁনার ঠিক পাশের আসনে দুইজন মহিলা এসে বসলেন। প্রবীরবাবু একটু অসন্তুষ্ট হলেন। পুরো রো'তে এত আসন ফাঁকা থাকতে একদম ওঁনার গা ঘেঁষে এসে বসার অর্থ তিনি বুঝতে পারলেন না। তিনি ঠিক করলেন গানটা শেষ হলে উঠে গিয়ে অন্য আসনে বসবেন। মন দিয়ে আবার তিনি গান শুনতে লাগলেন।

কানের কাছে হঠাৎ ফিসফিসানি শুনলেন। মহিলাটির দিকে তাকাতে তিনি একটু মুচকি হেসে বললেন, ‘‘আপনার বাড়ী ফেরার ভাড়াটা রেখে বাকী টাকাপয়সা যা আছে চুপচাপ দিয়ে দিন। চেঁচামেচি করলে বদনামটা আপনারই হবে।‘‘

স্তম্ভিত প্রবীরবাবু নিজের অবস্থা বুঝতে পেরে চুপচাপ সবকিছু হস্তান্তর করলেন। মহিলাটি ওঁনার মানিব্যাগটা দেখে নিলেন। তারপর ওঁনার গালে একটা চুমু খেয়ে একগাল হেসে, আসন ছেড়ে উঠে, তার সঙ্গিনীর সাথে হল থেকে বেড়িয়ে গেলেন। মঞ্চে শিল্পী তখন গাইছেন ‘‘সাঁই আমার কখন খেলে কোন খেলা’’।



# এখনো আলো মরেনি

*ময়না মুখোপাধ্যায়*

দিনের আলো মরে তখন সবে অন্ধকার নেমেছে। জমিদার বাড়ির নাটমন্দির সেজে উঠেছে হ্যাজাকের উজ্জ্বল আলোয়। মন্দিরে রাধামাধব আর রাই জরিপাড় পোষাকে ফুলে গয়নায় অপরূপ সেজে হাসি মুখে দেখছেন উৎসবের আয়োজন। এ গ্রামে এখন বৈশাখী পূর্ণিমার উৎসব চলছে শতাব্দী প্রাচীন মন্দির ঘিরে। অদূরে মস্ত দিঘী। দিঘীর টলটলে জলে হ্যাজাকের আলো পড়ে অনবরত ঝিকমিকে ঢেউ খেলে যাচ্ছে। আজ উৎসবের শেষ রাত। আজ গান গাইবে মধুবান আর মালতী। এমন ঘটনা এগ্রামে আগে কখনো ঘটেনি। এক মেয়ে গান গাইবে মঞ্চে উঠে, তাও আবার এক ছেলের জুড়িদার হয়ে। গ্রামের মানুষের কৌতূহলের শেষ নেই। চোরাগোপ্তা নিন্দেও কম হচ্ছে না। বিকেল হতে না হতেই চারপাশ ভরে উঠেছে মানুষের সমাগমে। অগুনতি মানুষ। আসছে তো আসছেই। এগ্রাম ওগ্রাম সেগ্রাম কেউ আর বাদ নেই। মেয়েমানুষ স্টেজে উঠে গান গাইবে শুনে কৌতূহলের শেষ নেই। আর যত কৌতূহল তত ভীড়। মন্দির সাজানো হয়েছে ফুল আর পাতা দিয়ে। নাটমন্দিরের একপাশে বড় বড় পিতলের থালাতে উপছে পড়ছে জুঁই কামিনী আর বেলির গুচ্ছ। বাতাসে ভর করে তাদের মিষ্টি গন্ধ এলোমেলো ঘুরে বেড়াচ্ছে মন্দির চত্বর ছাড়িয়ে দূরদূরান্ত অবধি। ছোট ছোট ছেলেরা পিতলের লম্বা ঝাঝরি নলওয়ালা পাত্রে শ্রোতাদের গায়ে গোলাপ জল ছিটোচ্ছে। বাজনদারেরা অর্ধ চন্দ্রাকারে বসে শেষবারের মতো তাদের বাজনার সুর মিলিয়ে নিচ্ছে। এ গাঁয়ে পর্দা প্রথা নেই। শুধু ছেলে আর মেয়েদের বসার জায়গা আলাদা। তাই ভীড়ে সুসজ্জিত মহিলা আর পুরুষ দুতরফকেই দেখা যাচ্ছে। পুরোহিত পট্টবস্ত্র পড়ে আরতির জন্য প্রস্তুত। আরতি শেষ হলেই শুরু হবে গানের আসর। সারাদিনের প্রখর গরমের শেষে সবে মৃদু বাতাস বইতে শুরু করেছে। অপেক্ষমান মানুষের মৃদু গুঞ্জন, ফুলের সুবাস, ধূপের ধোঁয়া, আর গোলাপজলের গন্ধ, মাঝে মাঝে মন্দিরের মূলদ্বারে ভক্তের ঘন্টার দড়িতে টানের ঢং ঢং শব্দ, নাটমন্দিরে নানারকম বাদ্যযন্ত্রের টুকটাক তোলা সুর সব মিলিয়ে মানুষ তো বটেই দূরের অন্ধকারে থমকে থাকা গাছগুলোকে অবধি যেন মোহগ্রস্ত করে তুলেছে।

গানের আসর শুরু হয়েছে। জমিদারের মা হেম ঠাকরুণ এসে বসেছেন আসরে। বাজনদারদের মাঝখানে দাঁড়িয়ে গান ধরেছে কালোপানা এক ছেলে। তার পরণে হলুদে ছোপানো ধুতি, গায়ে সাদা পিরাণ, হলুদে ছোপানো উত্তরীয় নেমে এসেছে গলা জড়িয়ে। কপালে চন্দনের ফোঁটা, গলায়

গোড়ের মালা, কালো চুলের গোছা লুটোচ্ছে কাঁধের কাছে। যেন কৃষ্ণ নিজেই নেমে এসেছেন ধরাধামে। নাটমন্দিরের ওপর ঘুরে ঘুরে মধুবান তখন নন্দের আক্ষেপ শোনাচ্ছে।
নন্দ কৃষ্ণের অদর্শনে শোকে অন্ধ হয়েছেন। পথে পথে ফিরে আক্ষেপ করছেন,

কোথায় গোবিন্দ, আমার গোপাল আছে
কত দূরে।

নন্দ তখন,
দুগ্ধ ভান্ড লয়ে হাতে
কেন্দে বেড়ায় ব্রজের পথে পথে।

নন্দ আরো বলছে,
জেনেছি শুনেছি হরি তুমি জাতের গুরু
তুমি কি জান না শাস্ত্রে পিতামাতা মহাগুরু।

শ্রোতারা নিশ্চুপ। কি গান ! কি দরদ ! হেমের চোখেও জল গড়ায়। মঞ্চে ততক্ষণে মধুবানের পাশে এসে দাড়িয়েছে মালতী। গৌরবর্ণা সুন্দরী যুবতী। পরণে নীল শাড়ি, চূড়ো করো বাঁধা তার চুল, নাকে রসকলি, কপালে ফোঁটা, গলায় মালা।

মধুবান বাৎসল্য ছেড়ে মাথুরে প্রবেশ করেছে। সে অভিমানিনী রাধা আর ললিতার কথা বর্ণনা করেছে।
রাধার কথা বলছে মালতী,

ললিতে! কৃষ্ণ বিরহে যদি আমি মরি তবে আমাকে দাহন করিও না, জলে ভাসাইও না, আমাকে তমাল বৃক্ষের পাখায় বন্ধন করে রেখো।

মালতী গাইছে,
তমাল বৃক্ষ যে হয় শ্যামরুপ কাল
আমার এ গৌর অঙ্গ তাতে সাজবে ভাল।

লোকে মালতীর ওপর থেকে চোখ সরাতে পারছে না, কি লালিত্য, কি লাবণ্য ! তার গানের থেকে কান সরাতে পারছে না, কি মধুক্ষরা গলা ! এদিকে রাত ঘন হয়েছে। আসর একসময় শেষ হয়ে যায়। মন্দির চত্বর এখন জনশূণ্য। হেম ঠাকরুণও দাসীর সাথে নিজের ঘরে ফিরেছেন। তার ঘোর তখনও কাটেনি। কি অপূর্ব গাইল দুজন ! তবে সেই ঘোরের মধ্যেও কি যেন একটা কাঁটা কেবলই তার মনে বিঁধছে। বারবার মনে হচ্ছে এই মালতীকে তিনি কোথাও যেন দেখেছেন। নাকি ভুল হচ্ছে, কারোর সাথে মিল পাচ্ছেন। মনকে স্বান্তনা দেন, হবেও হয়তো। লোক তো এ জীবনে কম দেখলেন না। সেই কোন বয়সে বিধবা হয়েছিলেন তারপর সংসার সন্তান উপযুক্ত হলে তীর্থে তীর্থে তো কম ঘোরেননি, অচেনা অনাত্মীয় কম লোকের সাথে তো আলাপ হয়নি এ জীবনে। তাদের মধ্যেই কেউ হবে। হয়তো কোন তীর্থে কোথাও দেখেছেন।

জমিদার বাড়ির নিয়ম অনুযায়ী এই তিনদিন যারা গান গেয়েছেন উৎসব শেষের পরেরদিন দুপুরে তারা এখানে খেয়ে বিদায় নেবেন। তাই প্রায় সকলেই জমিদার বাড়ির অতিথি নিবাসে রয়ে গেছেন। হেম ঠাকরুণ কীর্তন বড় ভালোবাসেন। সারা রাত তার ভালো ঘুম হল না। ছেড়া ছেড়া ঘুমের ফাঁকে কেবলই মধুবান আর মালতীর গান শুনতে পেলেন। এতো মধুর কন্ঠ অনেক কাল পরে শুনলেন। ভোরের দিকে আধো ঘুমের মধ্যে কি যেন একটা ঝিলিক দিয়ে উঠল তার মনে, কি যেন এক ছবি। কোথায় কোন এক ঊষালগ্নে গঙ্গাস্নান করতে যাওয়া, আধো অন্ধকার গঙ্গার ঘাটে অচেতন এক শরীর, অনাঘ্রাত কুসুমের মত এক মুখমন্ডল, সেই মুখে টলটলে দুটি জলভরা চোখ, তার কাছে আশ্রয় প্রার্থনা, হেমের অপারগতা - সব সঅঅব এক নিমেষে মনে পড়ে গেল হেমের।

- তাইতো, তাইতো। এই কথাটাই কি তার মনের মধ্যে আকুলিবিকুলি করছিল ? এই মেয়ে কি তাহলে সেই মেয়ে ? কিন্তু তা কি করে সম্ভব, সে কোথাকার কথা আর এই গ্রাম কোথায়।

হেম ঠাকরুণের ঘুম ভেঙে গেল। বাইরে তখনও অন্ধকার কাটেনি। হেম গায়ে চাদর জড়িয়ে বাইরে এলেন। তার মনেও বড় অন্ধকার।

জমিদার হেঁশেলে আজ সকাল থেকে খুব কাটাকুটি খুব ছুটোছুটি। বড় বড় পাত্রে নানাবিধ মাছ মাংস সবজি তৈরি হচ্ছে। বড় বড় উনুন জ্বেলে রান্নার লোকেরা নানা পদ রাঁধছে। ঘি এলাচের গন্ধে বাড়ি মাতোয়ারা। হেম নিজের ঘরে ঝিকে ডেকে বললেন মালতীকে ডেকে আনতে।

মালতী হেমের বসার ঘরের মেঝেতে গুটিসুটি মেরে বসে। তার মাথা নীচু, চোখ মেঝেতে। ঝি চলে গেলে কিছুক্ষণ দুজনেই চুপ করে রইল। যেন কি বলবে দুজনের কেউই খুঁজে পাচ্ছে না। বেশ কিছুটা সময় কেটে যাওয়ার পরে হেম বললেন,

-কাশী থেকে এখানে কিভাবে এলে মেয়ে ?

মালতী স্থবিরের মতো বসে রইল সাদা কালো পাথর বসানো মেঝের এক টুকরো কালো পাথরের ওপর। তার মাথা বুঝি আরো নুইয়ে পড়েছে। হেম ভেবেছিলেন মালতী অবাক হবে, অস্থির হবে, প্রতিবাদ করবে। কিন্তু সেসব কিছুই হল না। এ মেয়ে যে বসে রইল। তবে কি তার ভাবনা সত্যি। তিনি আবার বললেন।
- কি হল মুখে যে তালা পড়ে গেল। তা বাপু তোমার মুখে তালা পড়লেও আমার মুখে তো তালা পড়েনি। আমি তবে বলি সব।

এবারে মালতী আর চুপ করে থাকতে পারলো না। মৃদু অথচ স্থির স্বরে বলল,

- কাল আপনাকে প্রথম দেখাতেই চিনেছিলাম মা। তারপর থেকে কৃষ্ণের কাছে অনেক মাথা কুটেছি আপনি যেন আমায় চিনতে না পারেন। কিন্তু তা বুঝি হওয়ার নয়।

হেম চুপ করে রইলেন খানিক। ভাবলেন এ মেয়ের দেখি ভয়ও নেই, লজ্জাও নেই। কথা বলতে গলায় কাঁপন লাগে না। তিনি সরোষে বললেন,

- তোমার দেখি হায়া লজ্জা কিছুই নেই মেয়ে। গলা তুলে কৃষ্ণ দেখাচ্ছ আমাকে। পাতকীর কাজ করে আজ কৃষ্ণের সখি হয়েছো ?

মৃদু স্বরে উত্তর এলো।

- কৃষ্ণ জানেন এ পাতকীর সব কথা তবে আজ আপনি যদি চান আমার পরিচয় সকলকে বলবেন তবে তার আগে আমার কিছু বলার আছে, আপনার পায়ে পড়ি তা আপনাকে শুনতেই হবে। তারপর কৃষ্ণের যা ইচ্ছা।

হেম কেন যেন এই মেয়েটির ওপর সেভাবে রেগে উঠতে পারছিলেন না। তাই মৌন রইলেন।

- আমি সম্ভ্রান্ত কায়স্থের মেয়ে। গ্রামের নাম, বাপের নাম আজ আর বলতে চাই না। আমার বারো বছর বয়সে তিরিশ বছরের এক লোকের সাথে বিয়ে দিয়েই দায় সেরেছিলেন তারা। শ্বশুড়ঘরে গিয়ে যখন উঠলাম প্রতিবেশিরা বলল আমার স্বামীর স্বভাবচরিত্র নাকি তেমন সুবিধার নয়। তবে সে কথা বোঝার মত বুদ্ধি তখন ছিল না আমার। স্বামী মাঝে মাঝেই কোথায় উধাও হয়ে যান, নেশা করেন। আমার অবশ্য তাতে কোন দুঃখ ছিল না। বুড়ো দিদিশাশুড়ি আর আমি ভালোই থাকতাম। তখন বছরখানেকও কাটেনি, একবার স্বামী নেই ঘরে, দিদিশাশুড়ি গ্রামের লোকের সাথে কাশী যাওয়া ঠিক করলেন। খুব ভয় পেলাম, কেঁদে পড়লাম দিদিশাশুড়ির পায়ে। আমি একা কেমন করে থাকবো, আমায় নিয়ে চলো। তিনি রাজি হলে দলের সাথে চললাম কাশী। সারা দলে আমি ছাড়া সব বুড়োবুড়ির দল। এমন কপাল আমার যে ওখানে পৌঁছানোর পাঁচদিনের মাথাতেই ভেদবমিতে দিদিশাশুড়ি মরলেন। বিয়ের পরে আর একবার অনাথ হলাম। এরপর এক তেরো বছরের অনাথিনীর যা হওয়ার তাই হল। যে লোকটি দায়িত্ব করে নিয়ে গেছিল সবার অজান্তে সে একজনের কাছে বেচে দিল আমাকে। বুঝতে পেরে পালালাম। আশ্রয় নিলাম এক মন্দির চত্বরে। সেখানে প্রথম ভ্রষ্ট হলাম। অচেতন আমাকে পেদিন মানুষগুলো ফেলে গেছিল ঘাটের সিঁড়িতে। সেই ভোরেই আপনি আমায় দেখলেন, আমি আপনাকে দেখলাম। আপনাকে দেখে ভরসা হয়েছিল। আশ্রয় চেয়েছিলাম। পেলাম না। তারপর একটা বছর কত হাতে লাঞ্ছিত হয়ে শেষে গঙ্গায় ডুবতে গেলাম। গ্রামের সাঁতার জানা মেয়ে, মৃত্যু কি সহজে আসে মা। যতবার ডুবতে যাই ততবার শেষ মূহুর্তে হাঁকপাক করে উঠে আসি। শেষে গলায় পাথর বাঁধলাম। তাও মরলাম না। টেনে তুললেন এক বৃদ্ধ। তিনিই আশ্রয় দিলেন। স্ত্রী সন্তানহারা মানুষ তিনি। ঘাটে বসে কাহিনী শোনান, পালাগান করেন। আমার মতো পাতকীকে মেয়ে ডাকলেন। গান শেখালেন, কীর্তন। বাপে মেয়েতে ঘাটে বসে গান গাইতাম, দু চার টাকা যা পেতাম তাতেই চলে যেত আমাদের। অনাথিনী সেই প্রথম পিতা পেল। এভাবেই জীবন কাটছিল। সেই সময় এক তিথিতে ঘাটে কীর্তন গাইতে এল মধুবান। আমার গান শুনে বাবার কাছে আমায় ভিক্ষা চাইল সে। তার বৈষ্ণবী করতে চায়। আমি রাজি হইনি। পুরুষের ওপর বিশ্বাস ছিল না

মা। বাবা বললেন

- এই তোর কৃষ্ণ, এর পায়ে সঁপে দে নিজেকে।

আমার সব কথা বাবার কাছে শুনলো সে। শেষে বলল,

- তাতে কি ? কৃষ্ণের কাছে সব জীব সমান, সেখানে আবার পতিত অপতিত কি।

বাবা বলল,

- কিন্তু তোমার পরিবার ?

মধুবান বলল,

- দশ বছর বয়সে2 সৎমার অত্যাচারে বাড়ি ছেড়েছি, এই জগত সংসারই এখন আমার পরিবার। কন্ঠীবদল করে বিয়ে হয়ে গেল আমাদের। সেও আজ সাতবছর আগের কথা। তারপর থেকে আমরা দেশে দেশে গান গেয়ে বেড়াই। বড় শান্তিতে কেটেছে এই কবছর। আমি তো নিজেও ভুলে গেছিলাম আমার অতীতটা। কিন্তু কৃষ্ণ বোধহয় তা চান না।

হেম মালতীর কাহিনী শুনে স্তব্ধ হয়ে বসে আছেন। মালতী বলল,

- তবে একটা আর্জি আছে মা শাস্তি যদি পেতেই হয় সে আমি নেব মধুবান নয়। সে তো পতিত উদ্ধার করেছিল, তাকে রেহাই দিন। যারা আমাকে নষ্ট করেছিল তাদের তো কোন শাস্তি হয়নি। এ জগতে মেয়েরা বড় শস্তা। তাই মধুবানের গায়ে কালি লাগার আগে আমি আমার জীবন শেষ করে দেব। এইটুকু দয়া আমাকে করুন মা।

হেম ঠাকরুণ চিন্তার অতলে তলিয়ে গেছিলেন। অল্পবয়সে বিধবা হওয়াতে তাকেও কম চিল শকুনের নজর দেখতে হয়নি। নেহাত জমিদারবাড়ির বৌ তাই রক্ষা পেয়েছেন। সেদিন যদি একে আশ্রয় দিতে পারতেন তবে এমন লাঞ্ছনা হয়তো একে পেতে হত না। সেই হিসেবে তিনিও তো এর দুঃখের জন্য এক অংশে দায়ী। সেদিন সংস্কার ছাড়তে পারেননি বলে আজ কেন পারবেন না। হেম উঠলেন। সিন্দুক খুলে একটা লাল শাড়ি আর একছড়া সোনার হার বার করে আনলেন।  মালতীর হাতে দিয়ে বললেন,

- তুমি বোধহয় আমাকে ভুল চিনেছো, আমি তোমাকে কখনো দেখিনি। অন্য কারোর সাথে মিলিয়ে ফেলেছিলাম। তবে যা হয়েছে তাতে তোমার কি দোষ ? আমি আশীর্বাদ করি তুমি সারাজীবন তোমার কৃষ্ণের সাথেই থেকো। তার সন্তানের জননী হয়ো।

মালতী জলভরা চোখে জমিদারবাড়ির মেঝের দিকে তাকিয়ে দেখল কোথাও কোন কালো পাথরের চিহ্নমাত্র নেই। সব দুধের মত সাদা। সে হেম ঠাকরুণের পায়ের ওপর পড়ে ফুলে ফুলে কাঁদতে লাগল।

# শঙ্কুকথা



*সাধন কুমার পাত্র     বাঁকুড়া, পশ্চিম বাংলা*

মনসারাম পুয়ালদড়ি পাকাচ্ছে বটতলায় বসে।আধপোড়া চুটি শেষ হতে চেয়ে কালো মুখ নিয়ে কানের উপরেই অপেক্ষায় আছে। লাল মোরামের রাস্তায় লোকজনের ব্যস্ত আনাগোনা। গ্রাম্য কিশোরের দল খেলায় মেতেছে বটঝুরির দোলনায়। বৈশাখী, একমনে দেশি খেজুর চিবোচ্ছে পুরোনো স্কুলবারান্দায় বসে। গাঁয়ের বধূরা লাইন দিয়েছে জলের কলে। সাইকেল নিয়ে মোড়ের দিকে এগিয়ে গেল শঙ্কু। প্রতিদিন যায়। কয়েকজন বন্ধু মিলে আড্ডা হয় ওখানে। শঙ্কু সদ্য মাষ্টার ডিগ্রি শেষ করেছে। এখন রাতদিন চাকরির জন্য পড়াশোনা করে। সামনেই স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষা। যেন তেন প্রকারেণ পাশ এবার করতেই হবে। পারিবারিক অবস্থা মোটেই ভালো নয়। বাবা প্রান্তিক চাষি। মা গৃহবধূ। মোটা ভাত মোটা কাপড়ে কোনরকমে চলে যায়। এই অবস্থার মধ্যে টিউশন পড়িয়ে ও যে পড়াশোনা করেছে সেটাই অনেক। এখন আবার শিক্ষক হবার স্বপ্ন ঘিরে ধরেছে। এ গাঁয়ের সকলেরই প্রায় ধানচাষই ভরসা। চাষ আবার সম্পূর্ণরূপে বৃষ্টির জলের উপরেই নির্ভরশীল।যাদের অবস্থা ভালো তারা কেউ আর এখন গাঁয়ে থাকে না। শহরকে বেছে নিয়েছে আগামীর জন্য। এলাকায় চাকরি বলতে পুলিশ, মিলিটারি আর ছোট বড় স্কুলের শিক্ষক।

শঙ্কু খুব পরিশ্রমী ও জেদী। বেকারত্বের যন্ত্রণা ওকে কুরে কুরে খায়। বাবা মায়ের কাছে হাত পাততে পারে না। প্রয়োজনে বন্ধুদের কাছে সাহায্য নিয়ে দিন কাটে তার। কদিন ধরে মায়ের শরীরটাও ভালো যাচ্ছে না। দেখতে দেখতে পরীক্ষার দিন এসে উপস্থিত হল। জেলা শহরের একটি স্কুলে। সকাল থেকেই ব্যস্ততা। যাবার বেলায় মায়ের পায়ে হাত রাখতেই, শুকনো মুখে শাড়ির আঁচলের খুঁট থেকে কুড়ি টাকা ছেলের হাতে গুঁজে দিলেন সন্ধ্যাদেবী। বুঝদার ছেলে মায়ের দুঃখে শীর্ণ মুখের দিকে চেয়ে পরীক্ষার উদ্দেশ্যে বেরিয়ে পড়ল।

পরীক্ষা ভালো হয়েছে শঙ্কুর। প্রশ্নগুলোর খুব সুন্দর উত্তর দিয়েছে সে। মনে এক আশার সঞ্চার হয়েছে। শঙ্কু সবই জানে। মুখে মুখে রটে যাওয়া কথাগুলো ওর কানেও এসেছে। চাকরি পেতে হলে লাখ লাখ টাকা চাই - একথা বন্ধুমহলেরও অনেকের ধারণা। কিন্তু কোন কথাকে গ্রাহ্য না করে আত্মবিশ্বাসে ভর করে থাকে। ওর দৃঢ় বিশ্বাস পুরোটা অনৈতিকভাবে হতে পারে না। আর ঐ নৈতিক

অংশেই সে নিজেকে বেঁধে রাখতে চায়। মায়ের শরীর আগের থেকে ভালো। শাড়ি দুটোই ছিঁড়ে গিয়েছিল। কদিন আগে বাবা দুটো ধূতি ছাপিয়ে নিয়ে এসেছেন। সঙ্গে সস্তার একটা কাটা শাড়ি। ধূতি ছাপা নতুন শাড়িতে মাকে বেশ মানিয়েছে। দড়ির খাটে শুয়ে আছে শঙ্কু। বাবা পা দুটো সামনের দিকে করে দেওয়ালে হেলান দিয়ে। মা স্নেহঝরা হাতে ছেলের মাথায় বিলি কাটতে কাটতে বললেন - দেখো, বাবু এবার চাকরি পেয়ে গেলে আর আমাকে ধূতি ছাপা শাড়ি পরতে হবে না। দাঁড়াও, আগে তো পাক। চাকরি পাওয়া এতো সহজ না। এর থেকে ক্ষেতে গিয়ে কাজ করুক। ঢের ভালো। কাজ শিখলে অন্ততঃ খাওয়ার অভাব হবে না। বাবা চন্দ্রনাথ চিরকাল একইরকম। দিনের বেলায় উৎসাহ দিতে পারেন না। বাবার এমন কথা শুনে শঙ্কু চোখ স্থির রেখে কিছু একটা ভাবতে লাগল বোধ হয়।

গাঁয়ের মাঝে তেঁতুলতলায় ছোট একটা জটলা বসেছে। কয়েকজন মাঝবয়সী কাকাজেঠু গল্পে মেতেছে। এখানে ভালো অবশ্য কিছু হয় না। শুধু পরনিন্দা আর পরচর্চা। শঙ্কু পাশ কাটিয়ে চলে যেতে চাইল। জেঠু এইদিকে। কেমন পরীক্ষা হল ? পাশ হবে মনে হচ্ছে ? সহসা গরম তেলে পাঁচফড়ং দেওয়ার মত এক পিতৃব্য বলে উঠল - সেটা ও কি করে বলবে। তোমার যা প্রশ্ন। পাশ করাটা এতো সহজ নয়, বুঝলে। না, শঙ্কুর আর উত্তর দেওয়া হল না। চোখ বিনয়ে ভর করেই অবনত হয়ে এল। ধীর লয়ে সামনের দিকে এগিয়ে গেল সে।

অপেক্ষার দিন এইভাবেই কেটে যাচ্ছিল। সঙ্গে কপালে জুটছিল বেত্রাঘাতের চেয়েও কঠিন কঠিন কথার আঘাত। একদিন বাড়ির উঠোনে হাতে চিবুক ধরে শঙ্কু আনমোনা হয়ে বসে আছে। হন্তদন্ত হয়ে বাল্যবন্ধু দীপক ছুটে এল। পরীক্ষার ফল প্রকাশ হয়েছে। চিরকূটে রোল নম্বর লিখে দুজনে সাইকেল নিয়ে বেরিয়ে পড়ল। কম্পিউটার সেন্টারে খুব ভীড়। চাপা উত্তেজনা গ্রাস করে ফেলেছে সকলকে। শঙ্কু পাশ করেছে। তবুও আর একবার দেখুন না, প্লিজ। আসলে অজস্র নেতিবাচক কথা মানুষের মনেও গভীর প্রভাব ফেলে দেয়। শঙ্কু ভাঙা গলায় দীপককে জানাল, পাশ হয়েছে। একথা বলেই নিজেকে স্বাভাবিক করে নিতে চেষ্টা করল সে। আনন্দে চোখের জল ঠিক কেমনভাবে আসে, বন্ধু দীপক আজ নিজের চোখে দেখতে থাকল।

বলেছিলাম, শঙ্কু ঠিক পাশ করবে। মায়ের মন যা বলে তাই হয়, বুঝলে। প্রত্যুত্তরে আবারও, এখনো আসল জিনিসটাই বাকি আছে। ইন্টারভিউ-টাই আসল। মনে মনে আনন্দ হচ্ছে ঠিকই, কিন্তু এরকম বলাটাই স্বভাব বাবা চন্দ্রনাথের। ছেলে চুপচাপ খেয়ে শুয়ে পড়ল। আগামীকাল জুলিকে খবরটা জানাতে হবে। বহুদিন, আমার অপেক্ষায় আছে। গত কদিন আগে এক পাত্রের বাবা এসেছিল।

পড়াশোনার অজুহাতে না করে দিয়েছে। ওর যতো স্বপ্ন সব আমাকে ঘিরে, সেই কবে থেকে। খবরটা পেয়ে ও খুব খুশি হবে। এরকম নানান ভাবনা ওকে আঁকড়ে ধরল সারা রাত্রি জুড়ে।

কিন্তু দুজনের দেখা হওয়া বেশ সমস্যার। ছেলেমেয়েকে একসাথে দেখলেই, সন্দেহভরা চোখ আশেপাশেই ঘুরতে থাকে। ফিসফিস করে টুকরো টুকরো কথা অজান্তেই ছড়িয়ে পড়ে চারদিকে। বাড়িতেও আর যাওয়া যায় না। ওর বাবা-মার চোখেও একটা সন্দেহ যেন ঝুলে থাকে এখন। তবু সাহসে ভর করে ওর বাড়িতে গেল। সঙ্গে সব সময়ের বন্ধু দীপক। ইতিমধ্যে সংবাদ ওদের বাড়িতেও এসেছে, শুধু জুলিই জানে না এখনো। শুনে, চোখ এক করে চেয়ে রইল উভয়ে। জুলি হাতের উপরে হাত নিয়ে এল। আর ঐ হাতেই যেন সমর্পন করতে চাইল, তার আগামীকে।

সুখের সময় বড় তাড়াতাড়ি চলে যায়। ফলাফলে দেখা গেল, শঙ্কুর নাম অপেক্ষার তালিকায়। সে এখন হওয়া না হওয়ার দোলাচলে। বাড়িতে মন খারাপের ছায়া নেমে এল। মায়ের সঙ্গে সঙ্গে বাবাও এবার কিছুটা বিমর্ষ হয়ে উঠলেন। মন ভালো নেই বন্ধু দীপকেরও। চারদিকের গুঞ্জন প্রমাণ করতে ব্যস্ত হয়ে পড়েছে, এ যুগে চাকরি পাওয়া এতো সহজ নয়। মনে স্বস্তি নেই শঙ্কুর। আত্মীয়ের বাড়িতে গিয়ে মন ভালো করার একটা চেষ্টা করল। না, নিস্তার নেই সেখানেও। এক আত্মীয়ের বাড়িতে পা রাখতেই ভেসে এল - কি বাবু, চাকরির খবর কি? পরে পরে আরো সব নেতিবাচক কথা তাকে ঘিরে থাকতে চাইল। শিক্ষিত বেকারের যন্ত্রণা যে কতো কঠিন হতে পারে শঙ্কু হাড়ে হাড়ে তা অনুভব করতে লাগল।

না, আর নয়। এক বন্ধুর কাছে চার হাজার নিয়ে পাড়ি দিল কোলকাতার পুরনো মেসে। যাবার সময় শুধু মাকে বলে গেল। প্রথমে বাধা দিলেও ছেলের ইচ্ছেকেই সায় দিলেন সন্ধ্যাদেবী। সারা কোলকাতায় হন্যে হয়ে কাজ খুঁজতে লাগল শঙ্কু। কিছুদিনের মধ্যে এক প্রকাশনা সংস্থায় প্রুফ দেখার কাজে কিছু রোজগারের ব্যবস্থা হল। কিন্তু তা দিয়ে মাস চালানো অসম্ভব। পায়ে হেঁটে হেঁটে কোচিং সেন্টারগুলোতে ঘুরতে থাকল। কিন্তু না, কেউ আর যোগাযোগ করল না। কাগজের বিজ্ঞাপন দেখে দু-এক জায়গায় যুক্ত হয়েও দরজায় ঘুরে ঘুরে সেলসম্যানের কাজ করতে পারল না শঙ্কু। তবে দিন কয়েকের মধ্যে একটি টিউশন এসে জুটল। স্টেশনের পাশে। এক বস্তিতে। মাধ্যমিকের ছাত্রী। মাসে দেড়শো। এইভাবেই মাস দুয়েক গলে গেলো জীবন থেকে। বহু স্কুলে ডেপুটেশন ভ্যাকেন্সির পোষ্টের জন্যেও গেছে। কিন্তু সব ভালো হয়েও কোন এক অজ্ঞাত কারণে হয়ে আর ওঠেনি। পরে ইন্টারভিউ

দিয়ে একটি সংস্থায় শিক্ষক হিসেবে যুক্ত হল শঙ্কু। সেখানে স্কুল সার্ভিস কমিশনের জন্যই পাঠদান করা হয়। সঙ্গে এম.এ. ক্লাসের টিউশনের একটি ব্যাচ শুরু হল মাস খানিকের মধ্যে।

অর্থের অভাব আর নেই। কিন্তু দীর্ঘস্থায়ী সমাধান তো আর নয়। নিজের সাহায্যের জন্য টিউশন ঠিক আছে। কিন্তু তা যদি অর্থের মোহে পড়ে মুখ্য হয়ে ওঠে, তাহলে ক্যারিয়ারের দফারফা। চোখের সামনে এরকম অনেক দাদাকে শঙ্কু হারিয়ে যেতে দেখেছে। বছর গড়াতে চলল, সেই কবে বাড়ি থেকে এসেছে। এক বন্ধুর কাছ থেকে বাবা-মার খবর পায় ঠিকই। খবর পাঠিয়েও দেয় ওর হাতেই। কিন্তু জুলির কোন সংবাদ ওর কাছে নেই। জানেনা, ও কেমন আছে। অপেক্ষায় আছে, না কি অন্য কোন বরের বধূ হয়ে উঠেছে। এসব চিন্তায় অস্থির হয়ে পূজোর সময় বাড়ি যাবে, মনস্থির করল।

অনুপমা থেকে মায়ের জন্য তিনটি শাড়ি নিল। একটি পূজোর কথা ভেবে, অন্য দুটি সাধারণ ছাপা শাড়ি। বাবার পোষাক। জুলির জন্য গোলাপী শালোয়ার। ঐ রঙে ওকে বেশ মানায়। বন্ধু দীপকের জন্য পাঞ্জাবি । সারা রাত জেগে ঘরের পথে পা বাড়াল শঙ্কু। একদল কিশোর-কিশোরী সরু আল ধরে স্কুলের দিকে হেঁটে চলে যাচ্ছে, ঠিক আগের মতন। রাস্তার দুপাশে ধানের সবুজ যৌবন মাথা তুলে চেয়ে আছে এক দৃষ্টিতে। পূজোর আনন্দে যেন দুলে দুলে নাচছে ওরা। মনসারাম আজও বটগাছের নীচেই পুয়াল দড়ি পাকাচ্ছে মন দিয়ে। দীপক শঙ্কুকে দেখেই দৌড়ে এল কাছে। আগের থেকে অনেক শীর্ণ হয়ে উঠেছে। চোখদুটো একেবারে কোটরেই ঢুকে পড়েছে। কাঁপা কাঁপা ঠোঁটে কিছু একটা কথা জড়িয়ে যেতে থাকল বারবার। দূরের, অস্পষ্ট দুজন এদিকে এসেই ক্রমশ স্পষ্ট হয়ে উঠল। নিস্প্রভ চার চোখ অনেকক্ষণ এক হয়ে থেকে স্বাভাবিক হয়ে দূরে সরে পড়ল, সারাজীবনের মতো।

মন খারাপের সময়, অসময়ে এসে পড়ল। বাড়িতেও ভালো লাগে না আর। বাবা-মার মধ্যেও একটা পরিবর্তন এসেছে। মা খিটখিটে হয়ে পড়েছে। কারণে অকারণে বাবার উপরে রেগে যায়, এখন। আর বাবার মধ্যে ইতিবাচক মনোভাবের উন্মেষ ঘটেছে। বাবু, অনেকদিন দেখিনি বাবা। তোকে না দেখলে খুব মন খারাপ করে। কি খাচ্ছিস, কি করছিস, এই চিন্তা নিয়েই থাকি। সবসময় ঈশ্বরকে ডেকে বলি, আমার ছেলেটাকে ভালো রাখো ঠাকুর। আর তোর বাবা বলে, কোন চিন্তা করো না। আমরা জীবনে সবসময় সৎপথে থেকেছি, কোন অন্যায় কখনো করিনি। সুতরাং আমাদের সন্তানের ভালোই হবে। আর কটা দিন থেকে যা বাবা। কিন্তু না, আজন্ম জেদী ছেলে মন খারাপকে সঙ্গে নিয়ে দুদিন থেকেই ফিরে গেল। আরও বছর দুয়েকের আপ্রাণ চেষ্টায় বাড়ির সামনে একটি নামী সরকারি স্কুলে যোগ দিল।

কদিন বাড়ি থেকে যাওয়া-আসা চলতে লাগল। তারপর কিছুদিনের মধ্যে বর্তমান ধারা অনুসারে নিকটবর্তী শহরে বসবাস শুরু হল বাবা ও মাকে নিয়ে। একদিন শঙ্কু একাই বাড়িতে রয়েছে। সন্ধ্যায় ঝিঁ ঝিঁ পোকা আপনমনেই গান ধরেছে, তারই স্বভাববশে। গল্পের বইটি পড়তে পড়তে শঙ্কু জীবনের হিসেব কষতে গিয়ে ভাবতে লাগল সমাজের সঙ্কীর্ণতার দিকগুলিকে। মানুষ কত সহজে মানুষকে তুচ্ছতাচ্ছিল্য করে। অবজ্ঞাভরা ছোট ছোট শব্দ, পদ ও বাক্য বোধ হয় অন্তরে বিঁধে থাকে। অভাবের সংসারে দিনরাত কতো বড় হয়ে যায়। চেনা মানুষগুলো কেমন অচেনা হয়ে ওঠে।

ব্যবধান মাস ছয়েকের বেশি নয়।শীতের সকাল।মানুষের ভালোবাসায় শালগাছগুলি বহুবছর ধরে জঙ্গলেই দাঁড়িয়ে আছে, রাস্তার দুপাশ জুড়ে।তারই ফাঁক দিয়ে সকালের মিষ্টি রোদ্দুর খামখেয়ালিভাবে রাস্তায় পড়েছে কোথাও কোথাও।শঙ্কু বাইকে চড়ে এগিয়ে চলেছে রাস্তা ধরে। জনশূন্য রাস্তায় দু-একটা শেয়ালই কেবল রাস্তা পারাপার করছে, দূরত্ব বজায় রেখে। আরো কিছুটা পথ অতিক্রান্ত হলে দেখতে পেল, দুই দিকে কয়েকজন মাটির মানুষ গাছের শুকনো পাতা কুড়োচ্ছে মন দিয়ে। দূরে সাইকেলে চেপে কোন এক গ্রাম্যবধূ এদিকেই আসছে। ঈষৎ চোখাচোখি হল, রাস্তা পেরোবার সময়। পার হয়ে গেলেও শঙ্কুর মন অস্থির হয়ে উঠল।আর বার বার মনে হল, সে যেন তার নিকট কোন আপনজন। অনুরূপ কিনা কাকতালীয় বলা মুশকিল। কিন্তু গ্রাম্যবধূটিও যেন অধীর আগ্রহে চেয়ে আছে তারই দিকে। শঙ্কু প্রায় কাছে গিয়ে গাড়ি ঘুরিয়ে ফিরে যেতে চাইল। আর তখনই অনুরাগমিশ্রিত অতি পরিচিত কণ্ঠস্বর হাওয়ায় ভর করে যেন ভাসমান হয়ে রইল - যেও না, দাঁড়াও।আমার কিছু কথা আছে।আমি কিচ্ছু ভুলিনি। স্মৃতির ফুলগুলিকে সাজিয়ে গেঁথে রেখেছি জীবনমালায়। হে আমার প্রথম ভালোলাগা!হে আমার অবোধ প্রেম! ভালো থেকো। আমি ভালো আছি। কথাগুলো শেষ হওয়ার আগেই যেন শঙ্কুর চশমার পাওয়ারটা বেড়ে গেল। অবাধ্য শরীর ঝড়ের গতিতে সামনের দিকে এগিয়ে চললেও চঞ্চল মন কিন্তু জুলির কাছেই বাধ্য হয়ে থেকে গেল সারা জীবনের মত।

*-o-*

# শেকল-কাটা পাখি



*পায়েল চট্টোপাধ্যায়      কলকাতা*

ঠক! ঠক! ঠক! আওয়াজটা পিন ফোটানোর মতো ব্যথা দিচ্ছে রঞ্জাকে। এই দুপুরে কোন শব্দই সহ্য হয় না ওর। আসলে বারান্দার দিকের দরজাটার একটা শব্দের অপেক্ষায় থাকে ও। কয়েকদিন ধরে সেই অপেক্ষা বিফলে গেছে। আজ শব্দহীন হওয়ার কোন উপায় ছিল না তবে।

রান্নাঘরের শিলটা আর ব্যবহারযোগ্য নেই। না কাটালে মশলাগুলো দরকোঁচা মেরে গোটা গোটা চোখে তাকিয়ে থাকবে। কয়েকদিন এমন হলে উমাশশী ভাত ফেলে উঠে যাবে। সুমতিই ডেকে দিল শিল কাটানোর লোকটাকে। এই পাড়াতেই থাকে নাকি। রঞ্জা রান্নাঘর থেকে শিলনোড়াটা বের করে দিয়ে আবার উপরে উঠে যায়। কাজ শেষে যাচাই করে নেওয়ার বাসনা ও নেই ওর। সিঁদুররঙা আকাশের মত ভার ওর মন।

-"ও বৌদি তুমি কি একটু দেখবে? কেমন হচ্ছে দেখে না নিলে তোমার পোষাবে?"

সুমতির গলা। রান্নাঘরের কাজে রঞ্জাকে সুমতি সাহায্য করে। রঞ্জার ওপর বেশ দাপট রয়েছে সুমতির। এই বাড়িতে একমাত্র সুমতি একটু বোঝে রঞ্জাকে।

ঠকঠক আওয়াজটা ঘ্যানঘ্যানে বৃষ্টির মত লাগছে রঞ্জার। সুমতির প্রশ্নের উত্তর দেয় না ও। অভ্যেসমত ওর চোখ বারান্দার দিকে। এই বোধহয় সে এল। অপেক্ষার বদলে গ্রাস করে নেওয়ার মতো শূন্যতা ছাড়া আর কিছুরই দেখা পাওয়া যাচ্ছে না কয়েকদিন ধরে।

এই বিশাল বাড়িটা কারাগারের মতো মনে হয় রঞ্জার। উমাশশী সেই কারাগারের মালিক। রঞ্জাবতী, সোহাগবালা, শোভারানী এই তিন পত্নীর স্বামী উমাশশী।

রঞ্জার কদর নেই এই পরিবারে। সন্তানহীনা ও। তাই রান্নাঘরের যাবতীয় দায়িত্ব ওর ওপর। বাকি স্ত্রীরা সন্তান পালনে ব্যস্ত।

জমিদারের গোমস্তায় হিসাব-পত্র দেখতো অসীম। সেই কর্ম তবে ছদ্ম-কাজ। উমাশশীর কাছে যাতায়াত ওই হিসেবপত্রের জন্যে। আসলে অসীম দেশসেবক। উমাশশী ইংরেজদের তাঁবেদার। তাই হিসেব বোঝার নামে গোপন তথ্য আদায়ের চেষ্টা করত অসীম।

এই অসীম রঞ্জাবতীর যাবতীয় ক্ষত সারানোর ওষুধ। দুপুরে বারান্দার পাশের দরজাটা দিয়ে অসীম আসত রঞ্জাবতীর কাছে। দুজনেই একে- অপরকে নিজেদের অন্তর উজাড় করে দিত। নিজের সব গয়নাও অসীমের হাতে তুলে দিয়েছে রঞ্জা। ওরা ইংরেজদের একটা কোন সরকারি দপ্তরে ডাকাতির পরিকল্পনা করছে। পরিবার, স্বামী সব অহেতুক, অর্থহীন মনে হয় রঞ্জার। কতবার অসীমকে বলেছে ওদের দলে ওকে নিতে। অসীম কথা দিয়েছিল এই ডাকাতিতে রঞ্জাকে সঙ্গী করবে। সেই অসীম গত এক মাস ধরে ভোজবাজির মত উধাও।

যন্ত্রণার সঙ্গে রঞ্জার সখ্য সব সময়ের। তবুও অসীমের দুই চোখে ভালবাসার সমুদ্র দেখেছিল রঞ্জা। প্রতারণাহীন। গভীর সমুদ্র। কতবার মেয়েদের দুর্দশা নিয়ে কথা হয়েছে অসীমের সঙ্গে। এই দুপুরগুলো সোনার মনে হতো রঞ্জার। অসীমের এই হঠাৎ করে চলে যাওয়াটা কিছুতেই মেনে নিতে পারছে না রঞ্জা। ভেতরটা কুরে কুরে খাচ্ছে কেউ। একটা সবুজ রঙের দুঃখ-পুকুরে ডুবে রয়েছে ওর মন।

-"বৌদি এবার একবার দেখে নেবে চলো, সব হয়ে গেছে। কোন গন্ডগোল থাকলে তুমি আবার আমাকেই কথা শোনাবে।"

সুমতি কখন পাশে এসে দাঁড়িয়েছে খেয়াল করেনি রঞ্জা।

-"তুই দেখে নে না, তাহলেই হবে।"


-"হবেনি গো হবেনি, চলো তুমি।"

সুমতি একপ্রকার হাত ধরে টানতে টানতে নিয়ে চলল রঞ্জাকে।

রঞ্জাবতী যখন উঠোনে নামে, লোকটা শিল কাটানো শেষে সব গুছিয়ে রাখছে। মাথায় পাগড়ির মতন করে কাপড় বাঁধা। দাড়ির ফাঁক দিয়ে হাসছে আপন মনে। মন ভোলানো হাসি। লোকটার চোখের দিকে তাকিয়ে চমকে যায় রঞ্জা। সেই গভীর সমুদ্রের মতো চোখ। হাসলে চোখ পর্যন্ত সুবাস লেগে থাকে। রঞ্জার অসীম। অসীম পথের মত সীমাহীন। অনন্ত। রঞ্জা হঠাৎ করে কেঁদে ফেলে। ঘোমটার কাপড় দিয়ে আড়াল করে নেয় নিজেকে। শিলনোড়াটা নিয়ে রান্নাঘরের দিকে এগোনোর ভান করে। শিল কাটানোর লোকটা রঞ্জার দিকে তাকিয়ে থাকে। রঞ্জা তাকিয়ে থাকে শিলটার দিকে। শিলে লোকটা নকশা কেটেছে একটা শেকল কাটা পাখির। নকশার ওপর রঞ্জার চোখের জল পড়ে।

আকাশবাণী কলকাতার অনুষ্ঠানের বিভাগের সঙ্গে যুক্ত। অক্ষরের সঙ্গে আত্মার সম্পর্ক। বিভিন্ন পত্র-পত্রিকায় অক্ষরযাপনের চেষ্টা চলে নিয়মিত। অবসর কাটে বই পড়ে, বেড়িয়ে।

# পুরানো সম্বন্ধ



*ডাঃ কীর্তি পারিখ       ভদোধারা, গুজরাত*

ভূপেন এমনি তে কোনো দিন তার ছেলে দিলীপের টাকা পয়সার ব্যাপারে কিছু জিজ্ঞেস করতো না, আর ওর ক্লিনিক এর ব্যাপারেও নয়। দিলীপ MD পাস করার পর তিন বছর চাকরি করে গত বছর একটা পুরানো নার্সিং হোম কিনেছে। সেই নার্সিং হোম টা কে মেরামত করে সেখানে প্র্যাকটিস শুরু করেছে। ভূপেনের ভালো শিক্ষার জন্যই বলো বা দিলীপের কর্মের ফল বলো, দিলীপের প্র্যাকটিস খুব ভালোই। সে অল্প সময়ে একজন জ্ঞানী ও দয়ালু ডাক্তার হিসেবে নাম করেছে। ওর নার্সিংহোমের রুগীর বিল ন্যায়সঙ্গত ও সাধ্যের মধ্যেই হতো। তা হলে আজ ভূপেন তাকে কেনো বলছিল, চার নম্বর রুমের রুগীর বিল ছেড়ে দিতে ? চার নম্বর রুমে রাজু নামের একটি রুগীর চিকিৎসা চলছিল।

ভূপেন সপ্তাহে দুই তিন বার দিলীপের নার্সিং হোম এ যেত। সেখানে সে রুগীদের কোনো অসুবিধা থাকলে সেটা সমাধান করতো। লাইট ,গ্যাস ইত্যাদির বিল দিয়ে আসতো।

গত সপ্তাহে সে দেখলো যে চার নম্বর রুমে রাজু নামের রুগী পক্ষাঘাতের চিকিৎসার জন্যে ভর্তি হয়েছে। রুমে গিয়ে তার মনে হলো রাজু কে সে অতীতে কোথাও দেখেছে। কিন্তু রাজু ঠিকানা দিয়েছে পুনার, আর ভূপেন কোনো দিন পুনা যায়নি। তাই সে এই নিয়ে আর কিছু ভাবলো না। তবে তার মনে হচ্ছিল রাজু কে সে আগেও দেখেছে নিশ্চয়। দিলীপের ট্রিটমেন্টের ফলে রাজু এখন অনেকটা সুস্থ হয়ে উঠেছিল এবং আগামী কাল তার হাসপাতাল থেকে ছুটি হবার কথা।

তাই আজ ভূপেন নার্সিং হোম এ একটু জলদি এসে গেছে। সে সোজা রাজুর রুমে গেছে। রাজুর সঙ্গে তার সাস্থ্য নিয়ে কিছু কথা জিজ্ঞেস করার সময় সে তার মুখের দিকে চেয়ে দেখেছে। হ্যাঁ ,ঠিক,ঠিক সেই লোকটাই তো। মনে মনে কিছু ভেবে সে দিলীপের চেম্বার এ ঢুকলো। দিলীপ কে সে বলল, চার নম্বর রুগীর কাছ থেকে যেন কিছু পয়সা না নেয়। পুরো বিল টা যেন ছেড়ে দেয়। দিলীপ একটু আশ্চর্য হলো। বাবা তো কোনো দিন কোনো রুগীর বিল নিয়ে কিছু বলেন না ,আজ এই রুগীর বিল ছেড়ে দিতে কেন বলছেন ? সে বলল "তা না হয় ছেড়ে দেবো, কিন্তু কেন?"

 ভূপেন প্রশ্ন টা কে এড়িয়ে দিয়ে ওর চেম্বার থেকে বেরিয়ে গেল । সে সোজা তার ঘরের দিকে হাঁটা শুরু করল । ঘরে এসে সে তার গিন্নি স্মিতা কে কিছু না বলে দোতলায় উঠে গেল, আর সকাল থেকে দুপুর পর্য্যন্ত পুরানো কথা চিন্তা করে বসে রইল। দুপুরে যখন দিলীপ খেতে ঘরে এল, তখন স্মিতা তাকে ডাক দিল । তিন জনে চুপ করে খেতে বসল। দিলীপ একটু পরে জিজ্ঞেস করলো "বাবা ,তুমি ওই রুগীর বিল ছাড়তে কেন বললে, সে উত্তর দিলে না তো? তাকে দেখে তো তেমন গরীব মনে হয় না। তুমি তার তরফদারি করলে কেন?"

এবার ভূপেন রেগে গেল । "তোর আর কোনো কথা বলার আছে, না নেই ? একটা রুগীর বিল ছেড়ে দিলে তোর এমন কি লোকসান হয়ে যাবে ?"

দিলীপ তো অবাক। দিলীপ ভাত খেয়ে একটু রাগ করে কিছু না বলেই বেরিয়ে গেল।

তার যাওয়ার পর স্মিতা ভূপেনকে জিজ্ঞেস করল "অন্তত আমাকে তো বলে দাও, কেন তুমি ঐ রুগীর বিল মাফ করতে বলছো।"

ভূপেন ঘরের দরজা বন্ধ করে স্মিতার কাছে এসে বসলো। তাকে আস্তে করে বললো "শোনো ,যা বলছি,ভালো করে শোনো, তবে জীবনেও কারুকে এই গোপন কথাটা বলা চলবে না"।

"তোমার নিশ্চয় মনে আছে ১৯৮৫ থেকে ৮৭ সালে গুজরাটে দারুন আকাল পড়েছিল। কচ্ছে তো তিন বছর কোনো বৃষ্টিই হয়নি। লোকেরা কচ্ছ থেকে অন্যত্র চলে যাচ্ছিলো, স্বস্তায় জমি বাড়ি বেচে দিয়ে। চাষীরা কোনো কাজ পাচ্ছিলো না ১৯৮৭ সালের রাখি পূর্ণিমার সময় তুমি বাপের বাড়ি গিয়েছিলে ,এক মাসের জন্য। তুমি যখন বাড়ি ফিরলে , আমি আর মা তোমায় বলেছিলাম যে তোমার অনুপস্থিতিতে ভগবান আমাদের অভিশাপ থেকে মুক্ত করেছেন, আমরা আর নিঃসন্তান নই। উনি আমাদের এই বাচ্চাটি কে মানুষ করতে দিয়েছেন। আর তুমিও কোনো প্রশ্ন না করে সে কথাটা স্বীকার করে নিয়েছিলে"।


আমার সে দিনের ঘটনাটা আজও মনে আছে। আমি রেলওয়ে স্টেশনে চা এর স্টলে আদা বাটছিলাম, ঠিক তখন এক স্বামী স্ত্রী দুটি বাচ্চার সঙ্গে সামনের বেঞ্চে বসেছিল। বউটার হাতে একটি দু তিন মাসের বাচ্ছা ছিল । আর একটি বাচ্ছা,প্রায় দু বছরের, বেঞ্চের কাছেই মাটিতে খেলতে শুরু করলো। তাদের কাপড় আর চুল ইত্যাদি দেখে মনে হয়েছিল তারা ক্ষেতমজুর। লোকটার চোখ গুলি দেখে বুঝেছিলাম সে বেশ সংকটে ছিল। কিছুক্ষন বাদে লোকটা আমার স্টল এ এসে এক কাপ চা নিয়ে গেলো। স্বামী স্ত্রী অর্ধেক অর্ধেক চা খেয়ে লোকটা আমায় কাপ ফিরিয়ে দিয়ে

চায়ের দাম  দিতে এলো । তখন আমি তার মুখটা ভালো করে দেখতে পেলাম। একটু পরে প্যাসেঞ্জার গাড়ি বিরাট শব্দ করতে করতে প্লাটফর্মে ঢুকলো। আমি চা এর কেটলী  নিয়ে 'চা  চা ' করে ট্রেনের জানলা গুলির  কাছে ছুটলাম।  কেটলি  তে চা শেষ হতে দোকানে  ফিরে এলাম , আমি টাকা পয়সা গুনছিলাম যখন ট্রেন টা ছাড়লো। সামনের বেঞ্চের সেই  স্বামী স্ত্রী আর নেই। তারা ট্রেনে চেপে চলে গেছে। কিন্তু একি! ওই দু বছরের  বাচ্ছাটা তো সেখানেই খেলছিল। মা বাবা  কি  ওকে নিয়ে যেতে ভুলে গেলেন ! আমি ভাবলাম  ওরা পরের স্টেশনে নেমে  ফিরে আসবে ,রাতের ট্রেনে।  আমি বাচ্ছাটা কে দোকানে এনে বিস্কুট দিলাম খেতে। অনেক রাতে  ট্রেন তো ফিরলো, কিন্তু বাচ্ছাটার  মা বাবা  ফিরলেন না । আমি বাচ্ছাটাকে নিয়ে ঘরে ফিরলাম আর মাকে বললাম এই কাহিনী। মা বললেন ওই বাচ্চার মা বাবা আর কোনো দিন আসবেননা। খুব গরীব ওই স্বামী স্ত্রী বাচ্ছাকে না খেয়ে মরতে দেখতে পারছিল না, তাই ভগবানের  ভরসায় ছেড়ে গেছে। প্রভুর কৃপা দেখ, তিনি  তোমায়  নিঃসন্তান রাখেননি ।  তুমি ফেরার পরে আমি তোমায় শুধু এটুকু বলে ছিলাম যে বাচ্ছাটা ভগবান দিয়েছিলেন, আর আমরা তার নাম দিলীপ দিয়েছিলাম। আমরাও তারপর সেখান থেকে আহমেদাবাদ চলে এলাম। সে দিন গুলির আর  কিছু মনে নেই কিন্তু  সেই চাষার মুখটা আজ দেখলাম। হ্যাঁ, সেই  লোকটাই রাজু। সেই বড় বড় চোখ আর সেই কপালে এক ইঞ্চির ঘা এর নিশান।

কিন্তু এ কথাটা দিলীপ কে বলবো না। আমরা দিলীপ কে কোনো দিন পর মনে করিনি। কিন্তু এখন ওর জীবনে আমরা কোনো ঝড় আনতে চাই না। সত্য কথা জানলে হয়তো সে তার বাপকে ক্ষমা করবে না। সে কি ওই আকালের দিনের লোকের মনের বিড়ম্বনা বুঝতে পারবে? এইসব ভেবে চিন্তে আমি ঠিক করলাম, চুপ করে থাকাই উচিত। সে যাই হোক,একটা ছেলে তার বাপের চিকিৎসার ফি তো নিতে পারে না, কি বলো?  তাই আমি ফি টা ছাড়তে বলেছিলাম ।



# রস সুধা



*ডঃ রামকমল মুখোপাধ্যায়     জামশেদপুর, ঝাড়খন্ড*

অনেকটা রাস্তা তো চলে এলাম,জীবনে চলতে চলতে কত রকমের লোকেদের দেখলাম,একটা গ্রুপ হচ্ছে যারা নেশার শিকার যাদের chronic alcoholic বলে। শিকার বলতে দ্বিধা হচ্ছে কারণ আমরা আমাদের দৃষ্টিভঙ্গি দিয়ে বিচার করি, সমাজ সংসার যে ধারায় যেতে বলে তার বাইরে গেলে বেশ ঝামেলা সৃষ্টি হয়, কিন্তু তারা কিভাবে নেয় এই জীবনকে? কয়েকজন আমার স্মৃতিতে জীবন্ত হয়ে রয়েছে,তাদের কথা একটু বলি। আর একটা কথা, আমাদের হ্যারিসন বা ডেভিডসন সাহেব (যাদের বই পড়ে আমরা মেডিসিন শিখেছি) মদ খেলে অনেক সব ক্ষতির কথা বলে গেছেন যেমন আক্রমনাত্বক হয়ে যাওয়া, ভয় পাওয়া,হাত পা কাঁপা, রক্তাল্পতা, withdrawal syndrome, তারপর cirrhosis হয়ে লিভার শেষ হয়ে যাওয়া,ক্যান্সার ইত্যাদি ইত্যাদি। সে সব আবার সব সময় দেখতে পাইনি উপরন্তু ছোটো খাটো অসুখ বিসুখ ও এদের বিশেষ দেখতাম না। কারণ বাছার বা তর্ক করার জন্য লিখছি না কিন্তু জীবনে অনেক হিসেব মেলে না এইরকম কয়েক জনের জন্য আমার মনে কোথাও একটা নরম জায়গা রয়ে গেছে।

সেই ছোটবেলার কথা,গ্রামের একজন ন্যাটা ঘোষ,সকাল থেকেই শুরু করে দিতেন, মদ খেয়ে বাড়ির বাইরে বসে থাকতেন,আমি স্কুল পেরিয়ে মেডিক্যাল কলেজে ঢুকেছি,খুশি খুশি বলতেন "এই যে ডাক্তার দেখোতো আমাকে,আমার কোনো অসুখ নেই, আমাকে ভালো করে পরীক্ষা করো, কিচ্ছু পাবে না, কিন্তু যেদিন অসুখ হবে সেদিনই... ফুট।" সত্যিই আমি তো মাসে মাসে ভুগতাম,গলা ব্যাথা, জ্বর,পেট খারাপ আর এনাকে দেখো বছরের পর বছর ,কিছু নেই। পরে শুনেছিলাম সত্যিই একবার অসুখ হলো আর উনি পার।

ডাক্তারি পাশ করে চাকরি নিয়েছি ঝাড়খণ্ডের এক কোণে ,এক পাণ্ডব বর্জিত জায়গায়, টাটা কোম্পানির এক লোহার খনিতে। জামশেদপুর থেকে বাসে করে যাচ্ছি তো যাচ্ছি কাজে যোগ দিতে ,সঙ্গে ভাই। গন্তব্য স্থল থেকে প্রায় ২০ কিমি আগে বাস গেলো থেমে একটা জঙ্গল মত জায়গায়, বললে আর যাবেনা,খারাপ হয়ে গেছে,সবাই নেমে যাও। কি করবো, মাথায় হাত,একটা ট্রাংক,ব্যাগ পত্তর, বিছানা ইত্যাদি নিয়ে বসে রইলাম। ভাইকে বললাম তুই বোস,আমি পরের একটা

ভিড় ভর্তি বাসে উঠে নির্দিষ্ট জায়গাতে পৌঁছলাম। ভাই জিনিসপত্র নিয়ে সেইখানে বসে আছে। দেখলাম বেশ খানিকটা চড়াই এর পর একটা টিলার মাথায় একটি গেট,টাটা কোম্পানির সিকিউরিটির গেট। হাঁটতে হাঁটতে সেই খানে পৌঁছলাম আর ওনারা আমার কথা শুনে একটা ঘোরানো ফোনে (ইন্টারকম,তখন অন্য কোনো ফোনই ছিল না) চিফ মেডিক্যাল অফিসার এর সাথে কথা বলিয়ে দিলেন। উনি বললেন হাসপাতালের অ্যাম্বুলেন্সটা ওই পথেই বাজারে গেছে,তাকে ধরে তাতে করে তোমার ভাই ও জিনিস নিয়ে এসো। বললেন তো বটে কিন্তু তাকে ধরি কি করে, সে তো প্রায় ওই ঢালু দিয়ে নেমে তারপর নাকি আরো ১ কিলো মিটার। একটি লোক পাশে দাড়িয়ে কথোপকথন শুনছিল,বললে "সাব, এ সাইকেল মে বহিঠ যাইয়ে।" আমি হ্যান্ডেল এ বসলাম আর সে চালিয়ে দিল সেই ঢালু পথে, ব্রেক লাগাও, ব্রেক লাগাও ,কিন্তু ব্রেক ফ্রেক নেই, ম ম করছে মদের গন্ধ,তিনিও নেশায় চুর,আর ভয়ংকর স্পীডে সাইকেল এসে পৌঁছল বাজারে। অ্যাম্বুলেন্স পেলাম।" স্যার মেরা নাম ডাব্বু" এই বলে তিনিও বিদায় নিলেন । জিনিসপত্র এলো, আমারও চাকরি জীবন শুরু।

এরপর ওপিডিতে (out patient department) পেশেন্ট দেখি আর মাঝে মাঝে কাজ শেষ হবার পর দরজাটা একটু ফাঁক হয়ে আর একটা মুখ দেখতে পাই।" স্যার পহচানা?, হাম ডাব্বু স্যার, স্যার দো দিন সিকলি (sick leave) দে দিজিয়ে স্যার"। অসুখ নেই বিসুখ নেই ,কি করে সিক করবো? "দে দীজিয়ে স্যার, ডিউটি নেহি গিয়া, চার্জশিট খা জায়গা।" কি আর করি ধর্মসংকট, সর্দি জ্বর বলে লিখতে হলো। এর পর এক দুমাস বাদে বাদেই "স্যার পহচানা? সিকলী স্যার।" ভালো বকরা পেয়েছে। মাস ছয়েক বাদে বললাম দ্যাখ ডাব্বু তোর সাথে আমার চুক্তি শেষ। এবার যদি আসিস তোকে সিকিউরিটি ডেকে ভর্তি করে স্যালাইন চালিয়ে দেবো,আর কুইনাইন খাইয়ে দেবো (ওখানে খুব ম্যালেরিয়া ছিল)। তারপর থেকে আপদ বিদায় হল।

এবার আসি মঙ্গলের কথায়। মঙ্গল ছিল একজন দার্শনিক,কাজ কর্ম নেই, কোনো চিন্তাও নেই। না কোনো ভবিষ্যতের চিন্তা, সকালে উঠে একটাই চিন্তা কখন বিকেল হবে আর দারুর পয়সাটা সকালের মধ্যে জোগাড় করে ফেলতে হবে। আমাদের ওখানে বেশ কয়েকটা ছোটো ছোট বাংলো ছিল,একটাতে আমি থাকতাম,আর কয়েকজন ডাক্তারও আশেপাশে থাকতেন। একজন ডাক্তারের বাড়ির পিছনের দিকে উঠোনের পাশে একটা ঘর ছিল, সেইটা ছিল তার ডেরা। যদি রাত্তির এ ফেরার মত অবস্থায় থাকতো তাহলে আসতো না হলে কারুর গ্যারেজের সামনে রাস্তায়, না হলে

হোমিও হলের বারান্দায়, না হলে রাস্তা ও কালভার্ট এর মধ্যে জায়গায় পড়ে থাকতো। সকালে সে কারুর না কারুর বাড়িতে গিয়ে হয় বাসন মাজতো, না হলে বাগান পরিষ্কার করতো। দশ টাকা পেলেই খুশি। কেউ কেউ সঙ্গে একটু ভাত ডাল দিয়ে দিত। কিন্তু সব কিছু তিনটের মধ্যে হয়ে যাওয়া চাই। তার পর মঙ্গল সাহেব আগের দিন পরিষ্কার করা কারুর দেওয়া প্যান্ট শার্ট,কারুর দেওয়া ছেঁড়া কোট ইত্যাদি পরে চলত ঠেকে, ঠররা খেয়ে রাস্তা টা বাঁ থেকে ডান আর ডান থেকে বাঁ করতে করতে রাত দশটায় ফিরত,কারুর সঙ্গে কোনো বিবাদ নেই। মাঝে মাঝে রাস্তায় পড়ে কখনো কপালে আলু বা ঠোঁটটা ফাটিয়ে ফুটিয়ে আসতো,হসপিটাল এর ড্রেসিং রুম এ গিয়ে ড্রেসার বাবুর কাছে ড্রেসিং করিয়ে নিত। একবার একটু বেশি হওয়াতে সামনের দাঁত একটা উড়িয়ে ছিল। কিন্তু আমার তিরিশ বছর চাকরিতে কখনো জ্বর,সর্দি,কাশি দেখিনি। আমাদের ওখানে প্রচুর falciparum ম্যালেরিয়া (অনেক মৃত্যু হতো), লোকজন মশারী লাগিয়ে, good night জ্বালিয়ে তারপর ও ম্যালেরিয়া নিয়ে ভর্তি হতো কিন্তু সারাক্ষণ বাইরে পড়ে থাকার পরেও মঙ্গলের কোনোদিন ম্যালেরিয়া হয়নি, মশারা কি তীব্র দারুর গন্ধে ধারে কাছে আসতো না?

মঙ্গল এক এক দিন টং হয়ে রাস্তার ধারে দাঁড়িয়ে থাকতো সন্ধ্যা বেলায়, দু এক জন মহিলা একবার কমপ্লেন করেছিল সিকিউরিটি র কাছে। ওকে একবার জিজ্ঞেস করেছিলাম, কি করতে দাঁড়াস? বললো যে ওর বউ গ্রামে পাশের বাড়ির ছেলের সঙ্গে পালিয়ে গেছে (কয়েক বছর হয়ে গেছে), এক দিন না একদিন ফেরত আসবে,সেই জন্যে অপেক্ষা করে।


মঙ্গল একদিন বললো যে আজ খুব বেঁচে গেছে। ভোর বেলা ঘুম ভেঙে দ্যাখে যে চোখের সামনে কালো ছায়া,পরে বুঝলো যে ওর ঠিক মুখের ওপরে হাতির একটা পা, হাতিটা পা নামাতে গিয়ে ওর মুখের কাছে নিয়ে এসে থেমে গ্যাছে। আসলে আমাদের ক্যাম্প এ একটা দলছুট দাঁতাল বুনো হাতি আসতো,আস্তে আস্তে ক্যাম্পটা পুরো চিনে গিয়েছিল আর জানতো কার কার বাড়িতে কাঁঠাল গাছ আছে,গেট খুলে ভিতরে ঢুকতো আর কাঁঠাল খেয়ে বেরোবার সময় কখনো শরীরের ধাক্কায় দশ বিশ ফুট বাউন্ডারি দেওয়াল ফেলে দিয়ে বেরুত। একবার আমার বাংলো তে রাত দুটোর সময় দড়াম কোরে আওয়াজ হওয়াতে বারান্দায় এসে দেখি যে হাতিটি মেন গেটের কাছে দাঁড়িয়ে আছে আর বাউন্ডারি দেওয়াল প্রায় বিশ ফুট মতো রাস্তায় পড়ে আছে। (আমার বাড়িতে খাবার মত কিছু ছিল না) ,আমায় দেখছে আর যেনো বলছে "স্যার ভুল হয়ে গেছে"। সেদিন মঙ্গল আমাদের আর একজন ডাক্তারের গ্যারেজের রাস্তায় মাতাল হয়ে শুয়েছিল আর হাতিটা গিয়েছিল কাঁঠাল খেতে,

ওনার গ্যারেজের পাশেই কাঁঠাল গাছ ছিল।কিন্তু মঙ্গলের উপর পা টা পড়ে যাবে বলে সামনের পা টা উঠিয়ে দাড়িয়ে ছিলো। হাতিটাও মাঝে মাঝে হাঁড়িয়ার হাঁড়ি ভেঙে নেশা করতো। সুতরাং দুজনে ইয়ার দোস্ত।

আমি retire হয়ে আসার সময় ও মঙ্গল ছিল,আগের দিন এসে আমার থেকে বকশিস নিয়ে গেছে। এবারে বলি ভুবন কারুয়ার কথা। ভুবন ছিলো ঝাড়ুদার, কিন্তু আমাদের কয়েক জন ডাক্তারের opd তে অ্যাসিটান্ট, ঝাড়ু দেওয়া, ঘর মোছা, টেবিল সাজানো, পর্দা সাফ করা,কিছু sterilized জিনিসপত্র অপারেশন থিয়েটার থেকে নিয়ে আসা ইত্যাদি। কিন্তু সেও প্রায় দিন সকাল থেকে খাওয়া শুরু করে দিত, কাজের মাঝে গ্যাপ পেলে চুপ করে গিয়ে কিছুটা মেরে আসতো। কিন্তু একদম নিরীহ, শান্ত,শু ধু একটা হাসি হেঁসে পান, পান পরাগ মাখানো দাঁত গুলো দেখিয়ে   সময়েই সাহায্যের জন্য রেডী, কেবল মাঝে মাঝে নাগা ( absentism) আর কাজের মধ্যেও কখনো শুয়ে পড়া। একেও কোনোদিন অসুখ বিসুখ নিয়ে ওষুধ খেতে বা ভর্তি হতে দেখিনি। জীবন নিয়ে নিশ্চিন্ত, কারুর প্রতি অভিযোগ নেই। আমাদের কোম্পানিতে হলদে চিঠি আর লাল চিঠি ধরাত ওয়ার্নিং হিসেবে আর তারপর enquiry হয়ে সাসপেন্ড, প্রথমে দুদিন, পরে সাতদিন, পরে একমাস তারপর চাকরি চলে যাবে। অতদূর যেতনা কারণ মাঝপথেই ইউনিয়ন এসে বউ বাচ্ছা না খেতে পেয়ে মরে যাবে, আর এরকম করবে না, এই অজুহাতে মাফ করিয়ে দিত, আবার প্রথম থেকে শুরু। যাই  হোক ভুবন হাসতে হাসতে মেট্রন দিদির কাছে যেত আর সাসপেনশন এর লাল চিঠি টা নিয়ে হাসতে হাসতে ডিপার্টমেন্ট এ ফেরত আসতো , কোনো হেলদোল নেই। মাসের শেষে কিছু টাকা পকেটে এলেই হলো। তখন কোম্পানি অনেক চেষ্টা করতো যাতে বাড়ির লোক কিছু টাকা পায় তাই জোর করে ব্যাংক অ্যাকাউন্ট খুলিয়ে মাইনে দেওয়ার চেষ্টা করতো (আজকাল compulsory)। তখনকার দিনে বোনাস কিন্তু নগদ টাকা হিসেবে দিত আর এক একজন কর্মচারী অনেক টাকা বোনাস হিসেবে পেতো। বাজারের কিছু দোকানদার এই মদ্যপদের আগে থেকেই দুগুন, তিনগুণ দামে জিনিস দিত বা টাকা ধার দিত আর বোনাস হলেই সেই টাকাটা আদায় করতো,তাই অনেকের বাড়ি টাকা ঢুকতো না। সেবার খুব হইচই কারণ ভুবন নাকি বাড়ি যাবার সময় বোনাস এর টাকা থেকে ১০০ টাকার নোট একটা গরুকে খাইয়েছে এই বলে যে আমিও ভালো ভালো খাবো, তুইও খা।

একদিন হঠাৎ হইচই , ভুবনকে নাকি একজন ডাক্তার চড় মেরেছে। আসলে কাজের সময় কাজ না হলে অনেক সময় খুব রাগ হয়। ওই ভদ্রলোক ও ছিলেন খুব রাগী। মনে হয় একটু ঠেলে দিয়েছিলেন বা পিঠে একটু চাপড়ে দিয়েছিলেন, একজন হাসপাতাল স্টাফ যার আবার ওই ডাক্তারবাবু প্রতি কিছু রাগ ছিল তিনি সোজা ইউনিয়নে কমপ্লেন দিয়েছেন এবং ইউনিয়ন পার্সোনাল ডিপার্টমেন্ট কে। বেশ গুরুতর অবস্থা। টাটা কোম্পানি তে দুটো জিনিসের উপর খুব গুরুত্ব ছিল। চুরি যতই ছোটো হোক যদি প্রমাণিত হয় এবং কর্মক্ষেত্রে যদি কেউ অন্যের উপর হাত তোলে তাহলে সোজাসুজি চাকরি থেকে বরখাস্ত করা হয়। সঙ্গে সঙ্গে enquiry চালু। সেদিন রাত দশটার সময় আমারও ডাক পড়লো সাক্ষ্য হিসেবে। এর মধ্যে cmo ( চিফ মেডিক্যাল অফিসার) আমাকে বললেন যে ভুবন তো মদের নেশায় ছিল, তুমি তো আজকের emergency duty doctor, তো তুমি একটা alcohol intoxication certificate লিখে দাও । আমাদের form রেডী থাকতো,অনেক department ডিউটি থেকে মদ্যপ দের নিয়ে আসত। pupil dialated , sluggish; finger nose test positive; alcoholic gait ইত্যাদি ইত্যাদি....patient is under influence of alcohol.খুব খারাপ লাগলো, তবুও আমি লিখে দিলাম,কারণ তাতে যদি কিছু সাহায্য হয়। তারপরে ভুবন কে জিজ্ঞাসা বাদ চললো,কিন্তু নেশার ঘোরেও তার উত্তর আমাকে কেউ মারেনি। পরেরদিন ও ওকে ডেকে নিয়ে গিয়ে আবার জিজ্ঞাসাবাদ,কিন্তু এক ঘন্টা ধরে সেই একই উত্তর " আমাকে কেউ মারেনি আমি পড়ে গেছি "।সবাই আশ্চর্য,কেস কিছুই দাড়ালো না,কিন্তু ভুবন মদ খেয়ে ডিউটি আসার অপরাধে কদিন সাসপেন্ড হলো।

আমি মনে মনে অনেক স্যালুট করেছিলাম,জীবনে অনেকের কাছে অনেক কিছু শেখা যায়।



# স্বপ্ন প্রয়াণ

*হীরক সেনগুপ্ত, কলকাতা*

হ্রস্ব দীর্ঘ দুইটি ধারায়  ঢাল,
আচমকা অতি নিকটবর্তী হলে,
নয় কুঠুরি;আটটি দরজা হাট
ঝংকার ওঠে,  তৃপ্ত অন্তরালে।

অতীত আলোয় বিদ্যুৎ চমকায়,
উদ্যানে শত অপেক্ষা আয়োজন।
মুগ্ধ অধরে ওষ্ঠের করতালি,
হে সময়! তুমি, কোন পুন্যের ধান?

বৃদ্ধবাকলে অন্ত্যজ ফুলভার,
সহস্রধারা অশ্রুর পরিমলে
দুজ্ঞেয়লিপি; অজেয় উপন্যাস,
অঞ্জলি থাক তোমার চরণমূলে।

# কাশফুল

*মনিদীপা সেন     জামশেদপুর, ঝাড়খন্ড*

শরতের ঐ নীল আকাশে
সাদা মেঘের ভেলা ভাসে
তারই সাথে রং মিলিয়ে
কাশ ফুটে রয় নদীর পাশে।

কাশফুলের  ঐ চামর দোলে
নদীর  তীরে মাঠের ধারে
পুজো এবার  এল বলে
আনন্দগান সবাই  গা রে।

হাওয়ার ঝোঁকে দুলে দুলে
ঢেউ খেলে যায় কাশের ফুলে
মনের মাঝে পুলক জাগে
সানাই বাজে বেহাগ রাগে।

আগমনি গানের সুরে
মন ছুটে যায় কোন সুদূরে
কাশফুলের এই শারদ শোভা
দিগন্তটা থাকনা জুড়ে।



# স্বপ্ন মরীচিকা

## -অনিরুদ্ধ বসু

কিছুই পাল্টায়নি।
কিছুই পালটাবে না।

স্বপ্ন শুধু বেঁচে থাকার মরীচিকা।
কখনও ঝড় তুলেছে ধর্মের নামে,
'সত্যকে' নিলাম করেছে যুগের সেলামে।
বিপ্লবের নামে উড়িয়েছে ড্রাম পেটান উল্কা।
কেউ কী দেখেছে বিপ্লব বাজিয়েছ জয়ডঙ্কা?
কেউ কী চিনিয়েছে বিপ্লবীদের আসল রূপ?
না-চেনা স্বপ্ন বাসরের জঘন্য স্বরূপ?
যুগ-যুগান্তরের বিপ্লবের মন্ত্র,
ফাঁসাবার শুধুমাত্র নতুন যন্ত্র,
পুরনো কাসুন্দি নতুন সুরে।
নতুন স্বপ্নে, না চেনা মন্ত্রে।

স্বপ্ন দেখেছিলাম এদেরই ক্লিসে মন্ত্রে
জাগবে কালকের অজানা ভোর,
রমকলি বা অহির ভৈরবের মিঠে সংগীতে।
জাগবে আগামীর স্বপ্ন দেখা
নতুন কোমল রিসব আশাবরির
না চেনা অজানার মিঠে স্বপ্নের সুর।
স্বপ্নটা শুধুই একটা অচেনা মোহ।
জাগবে না নতুন যুগের ভোর।

নাই-বা তাকে নিয়ে আঁকলাম কল্পনা।
স্বপ্ন বিহ্বলে বসে থাকি জরাজীর্ণ আজ,
পরতে চাই বা কোনও স্বপ্ন মিরাজ।
মৃত্যু কবে স্বপ্ন থেকে মুক্তি দেবে
জীবন স্বপ্ন থেকে অমৃতের আনন্দে।

# ময়ূরপঙ্খি স্বপ্ন
- অনিরুদ্ধ বসু

বলেছিলে...
শপ্ত সিন্ধু তেপান্তর পেরলেই স্বর্গ।
মাটি থেকে স্বপ্নের বেলাভূমিতে
ভাসতে পারলেই ভূস্বর্গ।
তোমার দেখানো স্বপ্নের স্বর্গে
ভেসেছি তোমার ময়ূরপঙ্খি রথে
সওয়ার হয়ে স্বপ্নের খোঁজে।
খুঁজেছি স্বপ্নকে নিশিদিন।
কখনও তোমার কালো আঁধার খোলাচুলে।
কখনও তোমার বিদিশা অন্তরের অন্ধকারে।
খুঁজেছি তাকে নিশিদিন।
গ্রীষ্মের ভরা আঁধার থেকে মেঘমেদুর শ্রাবণে।
খুঁজেছি স্বর্গের মহিমা আশ্বিনের নতুন সঙ্কীর্তনে।
অনন্ত আঁধার থেকে মুক্ত করতে চেতনার মহাপ্লাবনে।
স্বপ্ন দেখালে মিলন উপাসনায়।
স্বপ্ন দেখালে মধু জ্যোৎস্নায়,
প্রতিশ্রুতি পূর্ণ, দিক শূন্য
ময়ূরপঙ্খি চিরায়িত চেতনায়।

ময়ূরপঙ্খি রথে সওয়ার হওয়া
কী তোমার মতো হাজারও বাঙালির স্বপ্ন?
অস্তিত্ব ভুলে স্বপ্ন নিয়ে বেঁচে থাকার
অনেক ব্যর্থতার নতুন অঙ্ক?



